SSC Higher Math

অধ্যায়ভিত্তিক কন্টেন্ট-২০২৩

অধ্যায়-০৩: জ্যামিতি

প্রয়োজনীয় তথ্য:

- **পিথাগোরাসের উপপাদ্য :** একটি সমকোণী ত্রিভুজের অতিভুজের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল অপর দুই বাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্রদ্বয়ের ক্ষেত্রফলের সমষ্টির সমান।
- **বিন্দুর লম্ব অভিক্ষেপ :** কোনো নির্দিষ্ট সরলরেখার ওপর কোনো বিন্দুর লম্ব অভিক্ষেপ বলতে সেই বিন্দু থেকে উক্ত নির্দিষ্ট রেখার উপর অঙ্কিত লম্বের পাদবিন্দুকে বোঝায়।

  মনে করি, XY একটি নির্দিষ্ট সরলরেখা এবং P যেকোনো একটি বিন্দু। P বিন্দু থেকে XY রেখার ওপর অঙ্কিত লম্ব PP′ এবং লম্ব PP′ এর পাদবিন্দু P′ (চিত্রে)।

  সুতরাং, P′ বিন্দু XY রেখার ওপর P বিন্দুর লম্ব অভিক্ষেপ।



- **রেখাংশের লম্ব অভিক্ষেপ :** ধরি, AB রেখাংশের প্রান্ত বিন্দুদ্বয় A ও B। এখন A ও B বিন্দু থেকে XY রেখার উপর অঙ্কিত লম্ব যথাক্রমে AA′ ও BB′। AA′ লম্বের পাদবিন্দু A′ এবং BB′ লম্বের পাদবিন্দু B′। এই A′B′ রেখাংশই হচ্ছে XY রেখার ওপর AB রেখাংশের লম্ব অভিক্ষেপ।

  সুতরাং, দেখা যাচ্ছে লম্ব অঙ্কনের মাধ্যমে অভিক্ষেপ নির্ণয় করা হয়। তাই A′B′ রেখাংশকে XY রেখার ওপর AB রেখাংশের লম্ব অভিক্ষেপ (Orthogonal Projection) বলা হয়।
- **ত্রিভুজ ও বৃত্ত বিষয়ক উপপাদ্য :** এই অংশে ত্রিভুজ ও বৃত্ত বিষয়ক কয়েকটি গুরুত্বপূর্ণ উপপাদ্যের যুক্তিমূলক প্রমাণ উপস্থাপন করা হয়েছে।
- **লক্ষণীয় :**

  ১. (অতিভুজ)^২ = (লম্ব)^২ + (ভূমি)^২; এটি পিথাগোরাসের উপপাদ্য।

  ২. ত্রিভুজের একটি বাহুর দৈর্ঘ্যের বর্গ অপর দুই বাহুর দৈর্ঘ্যের বর্গের সমষ্টির সমান হলে একটি কোণ অবশ্যই সমকোণ হবে।

  ৩. কোনো রেখার ওপর কোনো বিন্দু থেকে অঙ্কিত লম্বের পাদবিন্দুই ঐ বিন্দুর লম্ব অভিক্ষেপ।

  ৪. কোনো রেখার ওপর ঐ রেখার লম্ব রেখাংশের লম্ব অভিক্ষেপ একটি বিন্দু। যার দৈর্ঘ্য শূন্য।

  ৫. কোনো নির্দিষ্ট রেখার সমান্তরাল রেখাংশের লম্ব অভিক্ষেপ ঐ রেখাংশের সমান হবে।

  ৬. সমকোণী ত্রিভুজের ক্ষেত্রে সমকোণের সন্নিহিত বাহুদ্বয় পরস্পর লম্ব বিধায় তাদের প্রয়োজনীয় লম্ব অভিক্ষেপ শূন্য।

  ৭.সমকোণী ত্রিভুজের মধ্যমাত্রয়ের উপর অঙ্কিত বর্গক্ষেত্রসমূহের ক্ষেত্রফলের সমষ্টির দ্বিগুণ অতিভুজের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের তিনগুণের সমান।

৩.২ সম্পর্কিত তথ্য

১. দুইটি ত্রিভুজ সদৃশকোণী হলে তাদের অনুরূপ বাহুগুলো সমানুপাতিক হবে।

২. ত্রিভুজের বাহুগুলো সমানুপাতিক হলে অনুরূপ বাহুর বিপরীত কোণগুলো পরস্পর সমান।

৩. দুইটি সদৃশ ত্রিভুজের ক্ষেত্রফলদ্বয়ের অনুপাত তাদের যেকোনো দুই অনুরূপ বাহুর ওপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের অনুপাতের সমান।

৪. ত্রিভুজের পরিকেন্দ্র, ভরকেন্দ্র ও লম্ববিন্দু সমরেখ।

৫. ত্রিভুজের মধ্যমাত্রয়ের ছেদবিন্দুকে ত্রিভুজের ভরকেন্দ্র বলা হয়। ভরকেন্দ্র মধ্যমাকে 2 : 1 অনুপাতে অন্তর্বিভক্ত করে।

৬. ত্রিভুজের বাহুত্রয়ের লম্ব সমদ্বিখ-কত্রয়ের ছেদবিন্দুকে ত্রিভুজের পরিকেন্দ্র বলা হয়। এই বিন্দু ত্রিভুজে পরিলিখিত বৃত্তের কেন্দ্র।

৭. ত্রিভুজের শীর্ষত্রয় হতে বিপরীত বাহুর উপর লম্বত্রয়ের ছেদবিন্দুকে ত্রিভুজের লম্বকেন্দ্র বা লম্ববিন্দু বলা হয়। লম্বত্রয়ের পাদবিন্দুত্রয় সংযোজন

করে উৎপন্ন ত্রিভুজকে মূল ত্রিভুজের পাদত্রিভুজ বলা হয়।

অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

অনুশীলনী ৩.১

প্রশ্ন ॥ ১ ॥ ΔABC এর $\angle B = 60°$ হলে প্রমাণ কর যে, $AC^2 = AB^2 + BC^2 - AB.BC$

সমাধান :



দেওয়া আছে, ΔABC-এ $\angle B = 60°$। প্রমাণ করতে হবে যে, $AC^2 = AB^2 + BC^2 - AB.BC$

অঙ্কন : A বিন্দু থেকে BC এর উপর AD লম্ব আঁকি।

প্রমাণ : ΔABD-এ $\cos 60° = \frac{BD}{AB}$

বা, $\frac{1}{2} = \frac{BD}{AB}$ $\left[\because \cos 60° = \frac{1}{2}\right]$

বা, $AB = 2BD$

এখন, ΔADC-এ $\angle ADC$ সমকোণ।

$\therefore AC^2 = AD^2 + CD^2$ [পিথাগোরাসের উপপাদ্য অনুযায়ী]

বা, $AC^2 = AD^2 + (BC - BD)^2$

বা, $AC^2 = AD^2 + BC^2 + BD^2 - 2BD.BC$

বা, $AC^2 = AD^2 + BD^2 + BC^2 - AB.BC [\because 2BD = AB]$

আবার, ΔABD-এ $\angle ADB$ সমকোণ।

$\therefore AB^2 = AD^2 + BD^2$

অতএব, $AC^2 = AB^2 + BC^2 - AB.BC$ (প্রমাণিত)

প্রশ্ন ॥ ২ ॥ ΔABC এর $\angle B = 120°$ হলে প্রমাণ কর যে, $AC^2 = AB^2 + BC^2 + AB.BC$

সমাধান :



দেওয়া আছে, ΔABC এর $\angle B = 120°$। প্রমাণ করতে হবে যে, $AC^2 = AB^2 + BC^2 + AB.BC$

অঙ্কন : CB এর বর্ধিতাংশের উপর AD লম্ব টানি।

প্রমাণ : ΔABC এর, $\angle ABC = 120°$ অর্থাৎ একটি স্থূলকোণ

$\therefore AC^2 = AB^2 + BC^2 + 2BC.BD.$ ....(i)

CD সরলরেখার উপর $\angle ABC$ ও $\angle ABD$ দুইটি সন্নিহিত কোণ

$\therefore \angle ABC + ABD = 180°$

বা, $120° + \angle ABD = 180°$

বা, $\angle ABD = 180° - 120°$

$\therefore \angle ABD = 60°$

এখন সমকোণী ΔABD এর ভূমি = BD এবং অতিভুজ = AB।

$\therefore \cos \angle ABD = \frac{BD}{AB}$ $\left[\because \cos\theta = \frac{\text{ভূমি}}{\text{অতিভুজ}}\right]$

বা, $\cos 60° = \frac{BD}{AB}$

বা, $\frac{1}{2} = \frac{BD}{AB}$

$\therefore BD = \frac{1}{2}AB$

(i) নং-এ BD এর মান বসিয়ে পাই,

$AC^2 = AB^2 + BC^2 + 2BC.\frac{1}{2}AB$

$\therefore AC^2 = AB^2 + BC^2 + AB.BC$ (প্রমাণিত)

প্রশ্ন ॥ ৩ ॥ ΔABC এর $\angle C = 90°$ এবং BC এর মধ্যবিন্দু D। প্রমাণ কর যে, $AB^2 = AD^2 + 3BD^2$

সমাধান :



দেওয়া আছে, ΔABC-এর $\angle C = 90°$ এবং D, BC এর মধ্যবিন্দু । প্রমাণ করতে হবে যে, $AB^2 = AD^2 + 3BD^2$

প্রমাণ : ΔABC-এর $\angle C = 90°$

অর্থাৎ সমকোণী ΔABC এর অতিভুজ AB

$\therefore$ পিথাগোরাসের উপপাদ্য অনুসারে,

$AB^2 = AC^2 + BC^2$

$= AC^2 + (BD + CD)^2$ [$\because$ BC = BD + CD]

$= AC^2 + BD^2 + 2BD.CD + CD^2$

$= (AC^2 + CD^2) + BD^2 + 2BD.BD$

[$\because$ D, BC এর মধ্যবিন্দু হওয়ায় BD = CD]

$= (AC^2 + CD^2) + BD^2 + 2BD^2$

$= AD^2 + 3BD^2$[$\because$ ΔABC এর $\angle C$ সমকোণ হওয়ায়

পিথাগোরাসের উপপাদ্য অনুসারে, $AC^2 + CD^2 = AD^2$]

$\therefore AB^2 = AD^2 + 3BD^2$ (**প্রমাণিত**)

প্রশ্ন ॥ ৪ ॥ ΔABC-এ AD, BC বাহুর উপর লম্ব এবং BE, AC এর ওপর লম্ব। দেখাও যে, BC.CD = AC.CE

সমাধান :



দেওয়া আছে, ΔABC-এ AD, BC বাহুর ওপর লম্ব এবং BE, AC এর ওপর লম্ব। প্রমাণ করতে হবে যে, BC.CD = AC.CE

প্রমাণ : ΔABD একটি সমকোণী ত্রিভুজ।

পিথাগোরাসের সূত্র অনুযায়ী, $AB^2 = BD^2 + AD^2$

$= (BC - CD)^2 + AD^2$

$= BC^2 + CD^2 - 2BC.CD + AD^2$

$= BC^2 + (CD^2 + AD^2) - 2BC.CD$

$= BC^2 + AC^2 - 2BC.CD$ .... (i)

[$\because$ ACD সমকোণী ত্রিভুজ তাই, $AC^2 = CD^2 + AD^2$]

আবার, ΔABE সমকোণী ত্রিভুজ।

$\therefore AB^2 = AE^2 + BE^2$

বা, $AB^2 = (CA - CE)^2 + BE^2$

বা, $AB^2 = CA^2 + CE^2 - 2CA.CE + BE^2$

বা, $AB^2 = AC^2 + (CE^2 + BE^2) - 2AC.CE$ [$\because$ AC = CA]

বা, $AB^2 = AC^2 + BC^2 - 2AC.CE$ .... (ii)

[$\because$ BCE সমকোণী ত্রিভুজ তাই, $BC^2 = CE^2 + BE^2$]

সমীকরণ (i) ও (ii) হতে পাই,

$BC^2 + AC^2 - 2BC.CD = AC^2 + BC^2 - 2AC.CE$

বা, $-2BC.CD = -2AC.CE$

বা, $BC.CD = AC.CE$ [-2 দ্বারা ভাগ করে]

$\therefore$ BC.CD = AC.CE. **(দেখানো হলো)**

প্রশ্ন ॥ ৫ ॥ ΔABC এর BC বাহু P ও Q বিন্দুতে তিনটি সমান অংশে বিভক্ত হয়েছে। প্রমাণ কর যে, $AB^2 + AC^2 = AP^2 + AQ^2 + 4PQ^2$.

সমাধান :



দেওয়া আছে, ΔABC এর BC বাহু P ও Q বিন্দুতে তিনটি সমান অংশে বিভক্ত হয়েছে। অর্থাৎ BP = PQ = QC; A, P এবং A, Q যোগ করি। প্রমাণ করতে হবে যে, $AB^2 + AC^2 = AP^2 + AQ^2 + 4PQ^2$.

প্রমাণ : ΔABQ এর মধ্যমা AP [$\because$ BP = PQ]

$\therefore AB^2 + AQ^2 = 2(AP^2 + PQ^2)$[এ্যাপোলোনিয়াসের উপপাদ্য অনুসারে]

বা, $AB^2 + AQ^2 = 2AP^2 + 2PQ^2$ ....(i)

আবার, ΔAPC এর মধ্যমা AQ [$\because$ PQ = QC]

$\therefore AP^2 + AC^2 = 2(AQ^2 + PQ^2)$ [এ্যাপোলোনিয়াসের উপপাদ্য অনুসারে]

বা, $AP^2 + AC^2 = 2AQ^2 + 2PQ^2$ ....(ii)

সমীকরণ (i) ও (ii) যোগ করে পাই,

$AB^2 + AC^2 + AQ^2 + AP^2 = 2AP^2 + 2AQ^2 + 4PQ^2$

বা, $AB^2 + AC^2 = 2AP^2 - AP^2 + 2AQ - AQ^2 + 4PQ^2$

$\therefore AB^2 + AC^2 = AP^2 + AQ^2 + 4PQ^2$ **(প্রমাণিত)**

প্রশ্ন ॥ ৬ ॥ ΔABC এর AB = AC। ভূমি BC এর ওপর P যেকোনো বিন্দু। প্রমাণ কর যে, $AB^2 - AP^2 = BP.PC$

সমাধান :



দেওয়া আছে, ΔABC এর $AB = AC$ এবং ভূমি BC এর ওপর P যেকোনো বিন্দু। প্রমাণ করতে হবে যে, $AB^2 - AP^2 = BP.PC$

অঙ্কন : A হতে BC এর উপর AD লম্ব আঁকি।

প্রমাণ : ABC ত্রিভুজে $AB = AC$ এবং AD, শীর্ষ A থেকে ভূমি BC এর ওপর লম্ব বলে D, BC এর মধ্যবিন্দু।

সুতরাং, $BD = DC$

এখন পিথাগোরাসের উপপাদ্য অনুযায়ী,

সমকোণী ΔABD-এ, $AB^2 = BD^2 + AD^2$ ....(i)

[পিথাগোরাসের উপপাদ্য অনুসারে]

এবং সমকোণী ΔAPD-এ, $AP^2 = PD^2 + AD^2$ ....(ii)

সমীকরণ (i) হতে (ii) বিয়োগ করে পাই,

$AB^2 - AP^2 = BD^2 + AD^2 - PD^2 - AD^2$

$= BD^2 - PD^2$

$= (BD - PD)(BD + PD)$

$= BP.(DC + PD)$ $[\because BD = DC]$

$= BP.PC$

$\therefore AB^2 - AP^2 = BP.PC$ (প্রমাণিত)

প্রশ্ন ॥ ৭ ॥ ΔABC এর মধ্যমাত্রয় G বিন্দুতে মিলিত হলে প্রমাণ কর যে, $AB^2 + BC^2 + CA^2 = 3(GA^2 + GB^2 + GC^2)$

সমাধান :



মনে করি, ABC ত্রিভুজের BC, CA ও AB বাহুর ওপর অঙ্কিত মধ্যমা AD, BE ও CF পরস্পর G বিন্দুতে ছেদ করে।

প্রমাণ করতে হবে যে, $AB^2 + BC^2 + CA^2 = 3(GA^2 + GB^2 + GC^2)$

প্রমাণ : আমরা জানি, ত্রিভুজের মধ্যমাত্রয় সমবিন্দু এবং সমপাত বিন্দুতে প্রত্যেক মধ্যমা $2 : 1$ অনুপাতে অন্তর্বিভক্ত হয়।

ΔABC এর BC বাহুর ওপর অঙ্কিত মধ্যমা AD।

$\therefore BD = CD = \frac{1}{2}BC$

এবং $GA = 2GD$

বা, $GA = 2(AD - GA) = 2AD - 2GA$

বা, $2AD = GA + 2GA$ [পক্ষান্তর করে]

বা, $2AD = 3GA$

$\therefore AD = \frac{3}{2}GA$

সুতরাং $AB^2 + CA^2 = 2BD^2 + 2AD^2$

$$= 2\left(\frac{1}{2}BC\right)^2 + 2\left(\frac{3}{2}GA\right)^2$$

$$\left[\because BD = \frac{1}{2}BC, AD = \frac{3}{2}GA\right]$$

$$= 2\cdot\frac{1}{4}BC^2 + 2\cdot\frac{9}{4}GA^2$$

$$= \frac{1}{2}BC^2 + \frac{9}{2}GA^2 \text{ .... (i)}$$

অনুরূপভাবে প্রমাণ করা যায় যে,

$$AB^2 + BC^2 = \frac{1}{2}CA^2 + \frac{9}{2}GB^2 \text{ ....(ii)}$$

$$AC^2 + BC^2 = \frac{1}{2}AB^2 + \frac{9}{2}GC^2 \text{ ....(iii)}$$

সমীকরণ (i), (ii) ও (iii) যোগ করে পাই,

$$2(AB^2 + BC^2 + CA^2) = \frac{1}{2}(AB^2 + BC^2 + CA^2) + \frac{9}{2}(GA^2 + GB^2 + GC^2)$$

বা, $2(AB^2 + BC^2 + CA^2) - \frac{1}{2}(AB^2 + BC^2 + CA^2) = \frac{9}{2}(GA^2 + GB^2 + GC^2)$

বা, $\frac{3}{2}(AB^2 + BC^2 + CA^2) = \frac{9}{2}(GA^2 + GB^2 + GC^2)$

বা, $AB^2 + BC^2 + CA^2 = \frac{2}{3} \times \frac{9}{2}(GA^2 + GB^2 + GC^2)$

$\therefore AB^2 + BC^2 + CA^2 = 3(GA^2 + GB^2 + GC^2)$ (প্রমাণিত)

অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

অনুশীলনী ৩.২

১.



XY রেখাংশে AB এর লম্ব অভিক্ষেপ নিচের কোনটি?

ক AB ● BC গ AC ঘ XY

২.



উপরের চিত্রে কোনটি লম্ববিন্দু?

ক D খ E গ F ● O

৩. i. ত্রিভুজের মধ্যমাত্রয়ের ছেদবিন্দুকে ভরকেন্দ্র বলে

ii. ভরকেন্দ্র যেকোনো মধ্যমাকে 3 : 1 অনুপাতে বিভক্ত করে

iii. সদৃশকোণী ত্রিভুজের অনুরূপ বাহুগুলো সমানুপাতিক

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ ii ও iii ● i ও iii ⓖ i, ii ও iii



D, E, F যথাক্রমে BC, AC ও AB এর মধ্যবিন্দু হলে ওপরের চিত্রের আলোকে ৪–৬ নং প্রশ্নের উত্তর দাও :

৪. G বিন্দুর নাম কী?

ⓚ লম্ববিন্দু ⓚ অন্তঃকেন্দ্র ● ভরকেন্দ্র ⓖ পরিকেন্দ্র

৫. ΔABC এর শীর্ষ বিন্দু দিয়ে অঙ্কিত বৃত্তের নাম কী?

● পরিবৃত্ত ⓚ অন্তর্বৃত্ত ⓖ বহির্বৃত্ত ⓖ নববিন্দু বৃত্ত

৬. ΔABC এর ৰেত্রে নিচের কোনটি এ্যাপোলোনিয়াসের উপপাদ্যকে সমর্থন করে?

ⓚ $AB^2 + AC^2 = BC^2$ ● $AB^2 + AC^2 = 2(AD^2 + BD^2)$

ⓖ $AB^2 + AC^2 = 2(AG^2 + GD^2)$ ⓖ $AB^2 + AC^2 = 2(BD^2 + CD^2)$

প্রশ্ন ॥ ৭ ॥ ABC ত্রিভুজের পরিবৃত্তস্থ যেকোনো P বিন্দু থেকে BC ও CA এর ওপর PD ও PE লম্ব অঙ্কন করা হয়েছে। যদি ED রেখাংশ AB কে O বিন্দুতে ছেদ করে, তবে প্রমাণ কর যে, PO রেখা AB এর ওপর লম্ব। অর্থাৎ PO ⊥ AB.

সমাধান :



P, ΔABC-এর পরিবৃত্তস্থ যেকোনো একটি বিন্দু। PD ⊥ BC ও PE ⊥ CA এবং ED রেখাংশ AB কে O বিন্দুতে ছেদ করে। প্রমাণ করতে হবে যে, PO ⊥ AB।

প্রমাণ : আমরা জানি, পরিবৃত্তস্থ কোনো বিন্দু হতে কোনো ত্রিভুজের বাহুদ্বয়ের উপর অঙ্কিত লম্বদ্বয়ের পাদবিন্দুগুলো সমরেখ।

এখানে, PD ⊥ BC ও PE ⊥ CA হওয়ায় এবং ED রেখাংশ AB কে O বিন্দুতে ছেদ করায় D, E O সমরেখ।

সুতরাং O বিন্দু অবশ্যই P হতে AB এর উপর লম্বের পাদবিন্দু হবে।

∴ PO ⊥ AB (প্রমাণিত)

প্রশ্ন ॥ ৮ ॥ ΔABC এর ∠C সমকোণ। C থেকে অতিভুজের উপর অঙ্কিত লম্ব CD হলে, প্রমাণ কর যে, $CD^2 = AD.BD$

সমাধান :



মনে করি, ΔABC এ $\angle C = 1$ সমকোণ এবং C বিন্দু থেকে অতিভুজ AB এর উপর CD লম্ব।

প্রমাণ করতে হবে যে, $CD^2 = AD.\ BD$

প্রমাণ : ΔABC এ $\angle C = 90°$

$\therefore \angle ACD + \angle BCD = 90°$ ....(i)

আবার, ΔADC-এ $\angle ADC = 90°$ [$\because CD \perp AB$]

$\therefore \angle CAD + \angle ACD = 90°$ ....(ii)

সমীকরণ (i) ও (ii) হতে পাই,

$\angle ACD + \angle BCD = \angle CAD + \angle ACD$

$\therefore \angle BCD = \angle CAD$

এখন, ΔADC ও ΔBDC -এ

$\angle ADC = \angle BDC = 90°$

এবং $\angle CAD = \angle BCD$

সুতরাং ত্রিভুজ দুটি সদৃশকোণী; অর্থাৎ সদৃশ।

$\therefore \frac{AD}{CD} = \frac{CD}{BD}$

$\therefore CD^2 = BD.\ AD$ **(প্রমাণিত)**

প্রশ্ন ॥ ৯ ॥ ΔABC এর শীর্ষত্রয় থেকে বিপরীত বাহুগুলোর ওপর লম্ব AD, BE ও CF রেখাত্রয় O বিন্দুতে ছেদ করে। প্রমাণ কর যে, AO.OD = BO.OE = CO.OF

সমাধান :



দেওয়া আছে, ΔABC এর শীর্ষ থেকে বিপরীত বাহুর উপর AD, BE, CF রেখাত্রয় O বিন্দুতে ছেদ করে। প্রমাণ করতে হবে যে, AO.OD = BO. OE = CO.OF

প্রমাণ : ΔAOE ও ΔAOD এর মধ্যে

$\angle AOE$ = বিপ্রতীপ $\angle BOD$

এবং $\angle AEO = \angle BDO$

[প্রত্যেকে সমকোণ, কারণ $BE \perp AC$ এবং $AD \perp BC$]

$\therefore$ ত্রিভুজদ্বয় সদৃশকোণী, সুতরাং তারা সদৃশ।

$\therefore \frac{AO}{BO} = \frac{OE}{OD}$ [দুটি সদৃশ ত্রিভুজের অনুরূপ বাহুগুলোর অনুপাত সমান]

$\therefore$ AO. OD = BO. OE ....(i)[বজ্রগুণন করে]

আবার, ΔBOF ও ΔCOE এর মধ্যে

$\angle BOF$ = বিপ্রতীপ $\angle COE$

এবং $\angle BFO = \angle CEO = 90°$ [$BE \perp AC$ এবং $CF \perp AB$]

$\therefore$ ত্রিভুজদ্বয় সদৃশকোণী, অর্থাৎ সদৃশ।

$\therefore \frac{BO}{CO} = \frac{OF}{OE}$

$\therefore$ BO.OE = CO.OF ....(ii) [বজ্রগুণন করে]

সমীকরণ (i) ও (ii) হতে পাই,

AO. OD = BO. OE = CO.OF (প্রমাণিত)

প্রশ্ন ॥ ১০ ॥ AB ব্যাসের ওপর অঙ্কিত অর্ধবৃত্তের দুইটি জ্যা AC ও BD পরস্পর P বিন্দুতে ছেদ করে। প্রমাণ কর যে, AB^2 = AC.AP + BD.BP

সমাধান :



দেওয়া আছে, AB ব্যাসের উপর অঙ্কিত অর্ধবৃত্তের দুটি জ্যা AC ও BD পরস্পর P বিন্দুতে ছেদ করে।

প্রমাণ করতে হবে যে, AB^2 = AC.AP + BD.BP।

অঙ্কন : AB বাহুর উপর P বিন্দু থেকে PQ লম্ব আঁকি। উহা AB কে Q বিন্দুতে ছেদ করে। A, D ও B, C যোগ করি।

প্রমাণ : ADPQ চতুর্ভুজে $\angle D = \angle AQP = 90°$

[$\therefore$ D অর্ধবৃত্তস্থ কোণ এবং $PQ \perp AB$]

$\therefore$ ADPQ একটি বৃত্তস্থ চতুর্ভুজ।

উক্ত বৃত্তের AQ ও DP জ্যাদ্বয় বৃত্তের বহিঃস্থ B বিন্দুতে পরস্পর ছেদ করে।

$\therefore$ AB.BQ = BD.BP ....(i)

[কারণ, বৃত্তের জ্যা দুটি বহিঃস্থ কোনো বিন্দুতে ছেদ করলে একটির অংশদ্বয়ের অন্তর্গত আয়তক্ষেত্র অপরটির অংশদ্বয়ের অন্তর্গত আয়তক্ষেত্রের সমান]

আবার, BCPQ চতুর্ভুজে, $\angle C = \angle BQP = 90°$ [C অর্ধবৃত্তস্থ কোণ এবং $PQ \perp AB$]

$\therefore$ BCPQ একটি বৃত্তস্থ চতুর্ভুজ।

$\therefore$ AB.AQ = AC.AP ....(ii)

এখন সমীকরণ (i) ও (ii) যোগ করে পাই,

AB.BQ + AB.AQ = BD.BP + AC.AP

বা, AB (BQ + AQ) = AC.AP + BD.BP

$\therefore$ AB.AB = AC.AP + BD.BP

$\therefore$ AB^2 = AC.AP + BD.BP (প্রমাণিত)

প্রশ্ন ॥ ১১ ॥ কোনো সমবাহু ত্রিভুজের পরিবৃত্তের ব্যাসার্ধ 3.0 সে.মি. হলে ঐ ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর।

সমাধান :

মনে করি, ABC সমবাহু ত্রিভুজের পরিবৃত্তের ব্যাসার্ধ 3 সে.মি.।



আমরা জানি, কোনো ত্রিভুজের যেকোনো দুই বাহুর অন্তর্গত আয়তক্ষেত্র ঐ ত্রিভুজের পরিবৃত্তের ব্যাস এবং ঐ বাহুদ্বয়ের সাধারণ বিন্দু থেকে ভূমির উপর অঙ্কিত লম্বের অন্তর্গত আয়তক্ষেত্রের সমান। সুতরাং চিত্রে, AB.AC = 2R.AD

[এখানে AD লম্ব ও 2R পরিবৃত্তের ব্যাস]

$AB^2 = 2R.AD$............................(i)

ΔABC-এর BO = AO = 3 সে.মি.

AO যোগ করে বর্ধিত করায় AD মধ্যমা।

এখন, যেহেতু BO = AO = 3 সে.মি.

$\therefore$ OD = $\frac{3}{2}$ সে.মি. [$\because$ O সম্পাত বিন্দু]

$\therefore$ AD = AO + OD

= $3 + \frac{3}{2}$ সে.মি.

[$\because$ মধ্যমাত্রয় সম্পাত বিন্দুতে পরস্পরকে 2 : 1 অনুপাতে বিভক্ত করে]

= $\frac{9}{2}$ সে.মি.

এখন, সমীকরণ (i) এ সংশ্লিষ্ট মান বসিয়ে পাই,

$AB^2 = 2R.AD$

$= 2 \times 3 \times \frac{9}{2} = 27$

$\therefore AB = \sqrt{27} = 3\sqrt{3}$

$\therefore \Delta ABC$ এর বাহুর দৈর্ঘ্য $3\sqrt{3}$ সে.মি.

প্রশ্ন ॥ ১২ ॥ ABC সমদ্বিবাহু ত্রিভুজের শীর্ষবিন্দু A হতে ভূমি BC এর ওপর অঙ্কিত লম্ব AD এবং ত্রিভুজের পরিব্যাসার্ধ R হলে প্রমাণ কর যে, $AB^2 = 2R.AD$ [ব্রহ্মগুপ্তের উপপাদ্যে AB = AC]

সমাধান :



দেওয়া আছে, ABC সমদ্বিবাহু ত্রিভুজের A থেকে BC এর উপর লম্ব AD এবং ত্রিভুজের পরিব্যাসার্ধ R। প্রমাণ করতে হবে যে, $2R.AD = AB^2$

অঙ্কন : O, ΔABC এর পরিকেন্দ্র। A, O যোগ করে P পর্যন্ত বর্ধিত করি, যা পরিধিকে P বিন্দুতে ছেদ করে। তাহলে $AO + OP = 2R$

বা $AP = 2R$। C, P যোগ করি।

প্রমাণ : ΔABD এবং ΔACP-এ

$\angle ADB = \angle ACP$ [উভয়ে এক সমকোণ]

$\angle ABD = \angle APC$ [একই জ্যা AC এর উপর অবস্থিত]

অবশিষ্ট $\angle BAD$ = অবশিষ্ট $\angle CAP$

$\therefore$ ΔABD ও ΔACP সদৃশকোণী ও সদৃশ।

তাহলে, $\frac{AB}{AD} = \frac{AP}{AC}$ [$\because$ অনুরূপ বাহুগুলোর অনুপাত সমান]

বা, $AB.AC = AD.AP$

বা, $AB.AB = 2R.AD$ [$\because AB = AC$ ও $AP = 2R$]

$\therefore$ $AB^2 = 2R.AD$ **(প্রমাণিত)**

প্রশ্ন ॥ ১৩ ॥ ABC ত্রিভুজের $\angle A$ এর সমদ্বিখণ্ডক BC কে D বিন্দুতে এবং ABC পরিবৃত্তকে E বিন্দুতে ছেদ করেছে। দেখাও যে, $AD^2 = AB.AC - BD.DC$

সমাধান :



দেওয়া আছে, ABC ত্রিভুজের $\angle A$-এর সমদ্বিখণ্ডক রেখাংশ BC কে D বিন্দুতে এবং ΔABC-এর পরিবৃত্তকে E বিন্দুতে ছেদ করে। প্রমাণ করতে হবে যে, $AD^2 = AB.AC - BD.DC$

অঙ্কন : C, E যোগ করি।

প্রমাণ : ΔABD ও ΔAEC এ

$\angle BAD = \angle CAE$ [স্বীকার]

এবং $\angle ABD = \angle AEC$ [একই বৃত্তাংশস্থিত কোণ বলে]

$\therefore$ ত্রিভুজদ্বয় সদৃশকোণী, অর্থাৎ সদৃশ।

সুতরাং এদের অনুরূপ বাহুগুলো সমানুপাতিক

$\therefore \frac{AB}{AE} = \frac{AD}{AC}$

বা, $AB.AC = AE.AD$ ....(i)

আবার, ΔABD ও ΔCDE এ

$\angle ABD = \angle CED$ [একই বৃত্তাংশস্থিত কোণ বলে]

এবং $\angle ADB$ = বিপ্রতীপ $\angle CDE$

$\therefore$ ত্রিভুজ দুটি সদৃশকোণী; সুতরাং তারা সদৃশ।

বা, $\frac{AD}{DC} = \frac{BD}{DE}$

বা, $AD.DE = BD.DC$ ....(ii)

সমীকরণ (i) হতে, $AB.\ AC = AE.AD$

$= (AD + DE)\ AD$

$= AD.AD + AD.DE$

$= AD^2 + AD.DE.$

বা, $AB.AC = AD^2 + BD.DC$ [(ii) হতে মান বসিয়ে]

বা, $AD^2 = AB.AC - BD.DC$ (প্রমাণিত)

প্রশ্ন ॥ ১৪ ॥ ABC ত্রিভুজের AC ও AB বাহুর ওপর যথাক্রমে BE ও CF লম্ব। দেখাও যে, $\Delta ABC : \Delta AEF = AB^2 : AE^2$

সমাধান :



দেওয়া আছে, ΔABC ও $BE \perp AC$ এবং $CF \perp AB$. E ও F যোগ করা হলো।

প্রমাণ করতে হবে যে, $\Delta ABC : \Delta AEF = AB^2 : AE^2$

প্রমাণ : $\angle BEC = 90° = <BEB[\because BE \perp AC, CF \perp AB]$

BC কে ব্যাস ধরে অঙ্কিত বৃত্তটি E ও F বিন্দু দিয়ে যাবে।

কারণ অর্ধবৃত্তস্থ কোণ এক সমকোণ।

$\therefore$ BCEF একটি বৃত্তস্থ চতুর্ভুজ।

CF বাহুকে বর্ধিত করায় উৎপন্ন বহিঃস্থ কোন $<AEF$.

$\therefore <AEF = <ABC$ [বৃত্তস্থ চতুর্ভুজের একটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ বিপরীত অন্তঃস্থ কোণের সমান]

অনুরূপভাবে $<AEF = <ACB$ [একই কারণে]

ΔABC ও ΔAEF এর মধ্যে

$<ABC = <AEF.\ <ACB = <AFE$

এবং $<A$ সাধারণ

সুতরাং ত্রিভুজ দুইটি সদৃশকোণী অর্থাৎ সদৃশ।

কিন্তু AB ও AE তাদের অনুরূপ বাহু।

$$\therefore \frac{\Delta ABC}{\Delta AEF} = \frac{AB^2}{AE^2}$$

$\therefore \Delta ABC : \Delta AEF = AB^2 : AE^2$ (**দেখানো হলো**)

প্রশ্ন ॥ ১৫ ॥ ΔPQR–এ PM, QN ও RS মধ্যমাত্রয় O বিন্দুতে ছেদ করেছে।



ক. O বিন্দুটির নাম কী? O বিন্দু PM কে কী অনুপাতে বিভক্ত করে?

খ. ΔPQR হতে $PQ^2 + PR^2 = 2(PM^2 + QM^2)$ সম্পর্কটি প্রতিষ্ঠিত কর।

গ. দেখাও যে, ΔPQR–এর বাহু তিনটির বর্গের সমষ্টি O বিন্দু হতে শীর্ষবিন্দু তিনটির দূরত্বের বর্গের সমষ্টির তিনগুণ।

সমাধান :

ক. এখানে PM, QN ও RS মধ্যমাত্রয় বিন্দুতে ছেদ করেছে।

অতএব, O বিন্দুর নাম ভরকেন্দ্র।

O বিন্দু PM কে 2 : 1 অনুপাতে অন্তর্বিভক্ত করে।

খ. ΔPQR-এ PM, QN ও RS মধ্যমাত্রয় O বিন্দুতে ছেদ করেছে। QR বাহুর উপর PD লম্ব আঁকি।



এখন ΔPQM-এ $\angle PMQ$ স্থূলকোণ

$\therefore PQ^2 = PM^2 + QM^2 + 2QM.DM$ ....(i)

[স্থূলকোণের ক্ষেত্রে পিথাগোরাসের উপপাদ্যের বিস্তৃতি হতে]

আবার, ΔPRM-এ $\angle PMR$ সূক্ষ্মকোণ

$\therefore PR^2 = PM^2 + RM^2 - 2RM.DM$ ....(ii)

[সূক্ষ্মকোণের ক্ষেত্রে পিথাগোরাসের উপপাদ্যের বিস্তৃতি হতে]

(i) ও (ii) যোগ করে পাই,

$PQ^2 + PR^2 = PM^2 + QM^2 + 2QM.DM + PM^2 + RM^2 - 2RM.DM$

$= 2PM^2 + 2QM^2 + 2QM.DM - 2QM.DM$

[মধ্যমা বলে RM = QM]

$= 2(PM^2 + QM^2)$

সুতরাং $PQ^2 + PR^2 = 2(PM^2 + QM^2)$ সম্পর্কটি প্রতিষ্ঠিত হলো।

গ. 'খ' হতে পাই,

$PQ^2 + PR^2 = 2(PM^2 + QM^2)$ ....(i)

$PQ^2 + QR^2 = 2(QN^2 + RN^2)$ ....(ii)

এবং $QR^2 + PR^2 = 2(RS^2 + QS^2)$ ....(iii)

এখন সমীকরণ (i), (ii) ও (iii) যোগ করে পাই,

$2PQ^2 + 2QR^2 + 2PR^2 = 2PM^2 + 2QM^2 + 2QN^2 + 2RN^2 + 2RS^2 + 2QS^2$

বা, $2(PQ^2 + QR^2 + PR^2) = 2(PM^2 + QN^2 + RS^2) + 2(QM^2 + RN^2 + QS^2)$

বা, $4(PQ^2 + QR^2 + PR^2) = 4(PM^2 + QN^2 + RS^2) + 4(QM^2 + RN^2 + QS^2$ [উভয়পক্ষকে 2 দ্বারা গুণ করে]

$4(PQ^2 + QR^2 + PR^2) = 4(PM^2 + QN^2 + RS^2) + (2QM)^2 + (2RN)^2 + (2QS)^2$

বা, $4(PQ^2 + QR^2 + PR^2) = 4(PM^2 + QN^2 + RS^2) + QR^2 + PR^2 + PQ^2$.

[$\therefore$ M, N, S যথাক্রমে QR, RP এবং PQ এর মধ্যবিন্দু বলে, $2QM = QR$, $2RN = PR$ এবং $2QS = PQ$]

বা, $3(PQ^2 + QR^2 + PR^2) = 4(PM^2 + QN^2 + RS^2)$ ....(iv)

আমরা জানি, ত্রিভুজের মধ্যমাগুলো সম্পাত বিন্দুতে 2 : 1 অনুপাতে বিভক্ত করে।

$\therefore \frac{PO}{OM} = \frac{2}{1}$

বা, $\frac{OM}{PO} = \frac{1}{2}$

বা, $\frac{OM + PO}{PO} = \frac{1 + 2}{2}$ [যোজন করে]

বা, $\frac{PM}{PO} = \frac{3}{2}$

বা, $2PM = 3PO$

বা, $4PM^2 = 9PO^2$ [বর্গ করে]

অনুরূপে $4QN^2 = 9QO^2$

এবং $4RS^2 = 9RO^2$

সুতরাং (iv) নং সমীকরণ থেকে পাই

$3(PQ^2 + QR^2 + PR^2) = 9PO^2 + 9QO^2 + 9RO^2$

$\therefore PQ^2 + QR^2 + PR^2 = 3(PO^2 + QO^2 + RO^2)$ [3 দ্বারা ভাগ করে] **(দেখানো হলো)**

প্রশ্ন ॥ ১৬ ॥



উপরের চিত্রে S, O যথাক্রমে ΔABC এর পরিকেন্দ্র ও লম্ববিন্দু। AP মধ্যমা, BC = a, AC = b এবং AB = c

ক. OA এবং SP এর মধ্যে সম্পর্ক নির্ণয় কর।

খ. দেখাও যে, S, G, O একই সরলরেখায় অবস্থিত।

গ. $\angle C$ সূক্ষ্মকোণ হলে $a.CD = b.CE$ সমীকরণটি প্রতিষ্ঠিত কর।

সমাধান :

ক. আমরা জানি, কোনো ত্রিভুজের লম্ববিন্দু থেকে তার যেকোনো শীর্ষের দূরত্ব, ত্রিভুজের পরিকেন্দ্র থেকে ঐ শীর্ষের বিপরীত বাহুর দূরত্বের দ্বিগুণ।

ABC ত্রিভুজের লম্ববিন্দু O, পরিকেন্দ্র S এবং S থেকে BC বাহুর উপর লম্ব দূরত্ব SP, O থেকে A এর দূরত্ব S থেকে BC এর দূরত্বের দ্বিগুণ।

$\therefore$ OA = 2SP

এটিই OA এবং SP এর মধ্যে সম্পর্ক।

খ. ABC ত্রিভুজের লম্ববিন্দু O, পরিকেন্দ্র S এবং BC এর মধ্যবিন্দু D; A, D এবং S, O যোগ করি। S, O রেখাংশ AD কে G বিন্দুতে ছেদ করে। প্রমাণ করতে হবে যে, S, G, O একই সরলরেখায় অবস্থিত। অর্থাৎ এটা প্রমাণ করলেই হবে যে, G বিন্দুটি ত্রিভুজের ভরকেন্দ্র।

প্রমাণ : যেহেতু AD ও SP উভয়ই BC এর উপর লম্ব সেহেতু AD || SP.

AD এবং AP এদের ছেদক হওয়ায় $\angle PAD = \angle SPG$

[একান্তর কোণ]

অর্থাৎ, $\angle OAG = \angle SPG$

এখন, ΔAGO এবং ΔPGS এর মধ্যে

$\angle AGO = \angle PGS$ [বিপ্রতীপ কোণ]

$\angle OAG = \angle SPG$ [একান্তর কোণ]

$\therefore$ অবশিষ্ট $\angle AGO$ = অবশিষ্ট $\angle PSG$

$\therefore$ ΔAGO ও ΔPGS সদৃশকোণী।

সুতরাং $\frac{AG}{GP} = \frac{OA}{SP}$

বা, $\frac{AG}{GP} = \frac{2SP}{SP}$ ['ক' হতে]

বা, $\frac{AG}{GP} = \frac{2}{1}$

$\therefore$ AG : GP = 2 : 1

অর্থাৎ G বিন্দু AP মধ্যমাকে 2 : 1 অনুপাতে বিভক্ত করেছে।

∴ G বিন্দুটি ত্রিভুজের ভরকেন্দ্র।

∴ S, G, O একই সরলরেখায় অবস্থিত। **(প্রমাণিত)**

গ. ΔABC এর AD, BC এর উপর এবং BE, AC এর উপর লম্ব এবং BC = a, AC = b। প্রমাণ করতে হবে যে, BC.CD = AC.CE অর্থাৎ a. CD = b.CE

প্রমাণ : $AD \perp BC$ হওয়ায় ΔABC এর $\angle ACB$ সূক্ষ্মকোণ এবং CD, BC বাহুতে AC বাহুর লম্ব অভিক্ষেপ হওয়ায় $AB^2 = AC^2 + BC^2 - 2BC.CD$ ....(i)

আবার, CE, AC বাহুতে BC বাহুর লম্ব অভিক্ষেপ।

$AB^2 = BC^2 + AC^2 - 2AC.CE$ ....(ii)

(i) নং ও (ii) নং সমীকরণ হতে পাই

$AC^2 + BC^2 - 2BC.CD = BC^2 + AC^2 - 2AC.CE$

বা, -2 BC.CD = -2 AC.CE

বা, BC.CD = AC.CE[উভয়পক্ষকে (-2) দ্বারা ভাগ করে]

∴ a.CD = b.CE সমীকরণটি প্রতিষ্ঠিত হলো।

MCQ 2016 to 2023

১. [ঢা. বো. ২০]



XY এর উপর AA′ এর লম্ব অভিক্ষেপ হলো-

ⓚ A′ ⓑ AA′

ⓖ A′B′ ⓓ B′C ক

২. **কোনো ত্রিভুজের পরিবৃত্তের ব্যাস 6 সে.মি. হলে, নববিন্দু বৃত্তের ব্যাসার্ধ কত?** [রা. বো. ২০]

ⓚ 6 সে.মি. ⓑ 4.5 সে.মি

ⓖ 3 সে.মি. ⓓ 1.5 সে.মি. ঘ

৩. [য. বো. ২০]



Δ **LMN এ $\angle LOM = 103°$, LO = 10, MO = 7, NO = 5 হলে LM এর দৈর্ঘ্যকত?**

(ক) 8.88　　(খ) 14.79

(গ) 79　　(ঘ) 219　　খ

৪. **Δ PQR এর মধ্যবিন্দু এবং PM $\perp$ QR হলে অ্যাপোলোনিয়াসের উপপাদ্য অনুযায়ী নিচের কোনটি সঠিক?** [কু. বো. ২০]

(ক) $PQ^2 + PR^2 = 2QM^2$

(খ) $PQ^2 + PR^2 = 2RM^2+2PS^2$

(গ) $PQ^2 + PR^2 = 2QS^2+ 2MS^2$

(ঘ) $PQ^2+ PR^2 = 2\ QS^2 + 2\ PS^2$　　ঘ

৫. **নববিন্দু বৃত্তের ব্যাসার্ধ6 সে.মি. হলে পরিবৃত্তের ক্ষেত্রফল কত?** [কু. বো. ২০]

(ক) 144 πবর্গ সে.মি.　　(খ) 36 πবর্গ সে.মি.

(গ) 12 πবর্গ সে.মি.　　(ঘ) 9 πবর্গ সে.মি.　　ক

৬. **ত্রিভূজের একটি মধ্যকার দৈঘ্য 10 সে.মি. হলে ভরকেন্দ্রে কত অনুপাতে বিভক্ত হবে?** [চ. বো. ২০]

(ক) 5 : 2　　(খ) 6 : 4

(গ) 6.67 : 3.33　　(ঘ) 7 : 3　　গ

৭. **5 সেমি, 12 সেমি ও 13 সেমি বাহুবিশিষ্ট ত্রিভূজের অন্তর্বৃত্তের ব্যাসার্ধ কত?** [চ. বো. ২০]

(ক) 1 সে.মি　　(খ) 2 সে.মি

(গ) 3 সে.মি　　(ঘ) 4 সে.মি.　　খ

৮. **একটি সমবাহু ত্রিভুজের প্রতিটি বাহুর দৈর্ঘ্যa সে.মি. এবং প্রতিটি মধ্যকার দৈর্ঘ্য2 সে.মি. হলে, a এর মান নিচের কোনটি?** [সি. বো. ২০]

(ক) 1.37 সে.মি (প্রায়)　　(খ) 2.31 সে.মি. (প্রায়)

(গ) 4.30 সে.মি. (প্রায়) (ঘ) 5.30 সে.মি. (প্রায়) খ

৯. একটি সমবাহু ত্রিভূজের প্রতিটি মধ্যকার দৈর্ঘ্য3 সে.মি. হলে প্রতিটি বাহুর দৈর্ঘ্য কত সে.মি.? [ব. বো. ২০]

(ক) $2\sqrt{3}$ (খ) $3\sqrt{2}$

(গ) $4\sqrt{3}$ (ঘ) $9\sqrt{2}$ ক

১০. Δ MNR এ $\angle$MRN স্থূলকোণ হলে- [দি. বো. ২০]

(ক) $MN^2 > MR^2 + RN^2$ (খ) $MN^2 < MR^2 + RN^2$

(গ) $MN^2 = MR^2 + RN^2$ (ঘ) $MR^2 > MN^2 + RN^2$ ক

১১. 2 একক বাহুবিশিষ্ট সমবাহু ত্রিভূজের মধ্যমাত্রয়ের বর্গের সমষ্টি কত একক? [ম. বো. ২০]

(ক) 4 (খ) 9

(গ) 16 (ঘ) 36 খ

১২. ত্রিভূজের পরিবৃত্তের ব্যাস 4 সে.মি. হলে, নববিন্দু বৃত্তের ব্যাসার্ধ কত? [ম. বো. ২০]

(ক) 1 সে.মি (খ) 2 সে.মি

(গ) 4 সে.মি (ঘ) 8 সে.মি ক

১৩. নিচের চিত্রটি লক্ষ কর:



AD = 5 সে.মি., CD = 3 সে.মি.। [ম. বো. ২০]

BC এর উপর AB এর লম্ব অভিক্ষেপের মান কত?

(ক) 1 সে.মি (খ) 3 সে.মি

(গ) 4 সে.মি (ঘ) 7 সে.মি গ

১৪. [রা. বো. ১৯]



MD বাহুতে MO এর লম্ব অভিক্ষেপ-

ⓚ DO ⓚ MD

(ক) DO (খ) MD

(গ) MN (ঘ) ND **খ**

১৫. ΔMNO এর MN = MO = NO, MD $\perp$ NO এবং MD = 6 cm হলে, ΔMNO এর পরিবৃত্তের ব্যাসার্ধ কত?

[রা. বো. ১৯]

(ক) 2 সে.মি. (খ) $2\sqrt{3}$সে.মি.

(গ) 4 সে.মি. (ঘ) $4\sqrt{3}$সে.মি. **গ**

১৬. ΔDEF –এর পরিকেন্দ্র O এবং DM $\perp$ EF । DE = 5 সে.মি. DF = 3.5 সে.মি., DM = 2 সে.মি. হলে, ত্রিভূজটির নববিন্দু বৃত্তের ব্যাসার্ধ কত? [য. বো. ১৯]

(ক) 8.75 সে.মি. (খ) 4.38 সে.মি.

(গ) 2.19 সে.মি. (ঘ) 1.50 সে.মি. **গ**

১৭. [চ. বো. ১৯]



বৃত্তটির কেন্দ্র p এবং M, BC এর মধ্যবিন্দু হলে নিচের কোনটি সঠিক?

(ক) AQ = $\frac{1}{2}$PM (খ) AQ = 2PM

(গ) AD = 2PM (ঘ) PM = PE **খ**

১৮. [সি. বো. ২০]



চিত্রে QS এর উপর PR এর লম্ব অভিক্ষেপ RS; QS = 3RS, PS = 4 সে.মি. এবং PR = 5 সে.মি. হলে PQ এর মান কত?

ⓚ 14 সে.মি. ⓛ 13 সে.মি.

ⓜ $\sqrt{106}$সে. মি. ⓝ$\sqrt{97}$সে.মি. ঘ

১৯. [সি. বো. ১৯]



চিত্রে পরিকেন্দ্র S এবং SF = 3 সে.মি. হলে $\frac{1}{3}$ OP^{2}এর মান কত?

ⓚ 36 বর্গ সে.মি. ⓛ18 বর্গ সে.মি.

ⓜ 12 বর্গ সে.মি. ⓝ6 বর্গসে.মি. গ

২০. একটি সমবাহু ত্রিভূজের পরিবৃত্তের ব্যাসার্ধ6 সে.মি. হলে ঐ ত্রিভূজের বাহুর দৈর্ঘ্য কত? [দি. বো. ১৯]

ⓚ $3\sqrt{3}$সে.মি. ⓛ $6\sqrt{3}$সে.মি.

ⓜ $6\sqrt{6}$সে.মি. ⓝ$9\sqrt{3}$সে.মি. খ

২১. একটি সমবাহু ত্রিভূজের প্রতিটি মধ্যমার দৈর্ঘ্য 4 সে.মি. হলে প্রতিটি বাহুর দৈর্ঘ্য কত? [সকল. বো. ১৮]

ⓚ 3.46 সে.মি. ⓛ4.62 সে.মি

ⓜ 6.92 সে.মি. ⓝ21.33 সে.মি. খ

২২. একটি ত্রিভূজের নববিন্দু বৃত্তের ব্যাসার্ধ2 সে.মি. হলে ঐ ত্রিভূজের পরিবৃত্তের ক্ষেত্রফল কত? [সকল. বো. ১৮]

ⓚ 2πবর্গ সে.মি. ⓛ4πবর্গ সে.মি.

ⓜ 8πবর্গ সে.মি. ⓝ16πবর্গ সে.মি. ঘ

২৩. সমকোণী ত্রিভূজের ΔDEF এর ক্ষেত্রে $\angle$DEF সমকোণ হলে-

i. $DE^2 > DF^2 + EF^2$

ii. $DF^2 = DE^2 + EF^2$

iii. $DE^2 < DF^2 + EF^2$

নিচের কোনটি সঠিক? [চ. বো. ২০]

ⓚi ও ii ⓛ i ও iii ⓜii ও iii ⓝi, ii ও iii গ

২৪. ΔDEF এ-

i. $\angle$E সূক্ষ্মকোণ হলে $DF^2 < DE^2 + EF^2$

ii. $\angle E$ **সমকোণ হলে** $DF^2 = DE^2 + EF^2$

iii. $\angle E$ **স্থূলকোণ হলে** $DF^2 > DE^2 + EF^2$

নিচের কোনটি সঠিক? [ম. বো. ২০]

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii ঘ

২৫. ΔPQR এর $\angle PRQ$-

i. **স্থূলকোণ হবে, যখন** $PQ^2 > PR^2 + QR^2$

ii. **সূক্ষ্মকোণ হবে, যখন,** $PQ2 > PR^2 + QR^2$

iii. **সমকোণ হবে, যখন,** $PQ^2 = PR^2 + QR^2$

নিচের কোনটি সঠিক? [রা. বো. ১৯]

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i,ii ও iii খ

২৬. ΔPQR এর মাধ্যমাত্রয় PM, QN এবং RL হলে-

i. $PR^2 > PQ^2 + QR^2$ যখন $\angle Q$ স্থূলকোণ

ii. $PR^2 < PQ^2 + QR^2$ যখন $\angle Q$ সূক্ষ্মকোণ

iii. $4(PQ^2 + QR^2 + RP^2) = 3(PM^2 + QN^2 + RL^2)$

নিচের কোনটি সঠিক? [য. বো. ১৯]

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii ক

২৭. [কু. বো. ১৯]



সমবাহু ত্রিভূজ ABC এর ভরকেন্দ্র G হলে-

i. $AG = \frac{2}{3} AD$

ii. $AG : GF = 3 : 2$

iii. $AC^2 - CD^2 = AD^2$

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii   (খ) i ও iii   (গ) ii ও iii   (ঘ) i, ii ও iii   খ

নিচের তথ্যের আলোকে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও :



PQRS বৃত্তস্থ চতুর্ভূজের **PR** কেন্দ্রগামী এবং **PT ⊥ QS, PQ = 8, PS = 5, PT = 4.** [য. বো. ২০]

২৮. বৃত্তটির ব্যাসার্ধকত?

(ক) 3   (খ) 5

(গ) 10   (ঘ) 20   খ

২৯. **OR – 6** হলে **PQR** ত্রিভূজের নববিন্দুবৃত্তের ক্ষেত্রফল কত?

(ক) 3 π (খ) 6 π

(গ) 9 π (ঘ) 36 π গ

নিচের তথ্যের আলোকে ৩০ ও ৩১ নং প্রশ্নের উত্তর দাও :



চিত্রে, **O** বৃত্তের কেন্দ্র, **BD = 8** সে.মি. এবং **OP = 12** সে.মি. । [কু. বো. ২০]

৩০. **AB** এর লম্ব অভিক্ষেপের মান কত?

(ক) 3 সে.মি   (খ) 4 সে.মি

(গ) 6 সে.মি   (ঘ) 8 সে.মি   খ

৩১. **PA** এর দৈর্ঘ্য কত?

(ক) 8 সে.মি   (খ) 11.31 সে.মি

(গ) 12 সে.মি   (ঘ) 12.65 সে.মি   খ

নিচের তথ্যের আলোকে ৩২ ও ৩৩ নং প্রশ্নের উত্তর দাও :



[চ. বো. ২০]

৩২. Δ ABC এ AD, BE, CE মধ্যমা, $\angle$ABC সমকোণ এবং AC অতিভূজের ক্ষেত্রে-

i. $$d^2 = \frac{2(a^2 + b^2) - c^2}{4}$$

ii. $3(a^2 + b^2 + c^2) = 4(d^2 + e^2 + f^2)$

iii. $a^2 = b^2 - c^2$

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii **খ**

৩৩. a = 20 একক, b = 25 একক এবং c = 15 একক হলে d^2 এর মান কত?]

(ক) 25 একক (খ) 225 একক

(গ) 325 একক (ঘ) 650 একক

নিচের তথ্যের আলোকে ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও :



চিত্রে O ত্রিভূজের ভরকেন্দ্র [ব. বো. ২০]

৩৪. PO : OL নিচের কোনটি?

(ক) 1 : 1 (খ) 2 : 1

(গ) 3 : 1 (ঘ) 3 : 2 **খ**

৩৫. PQR ত্রিভূজের নববিন্দু বৃত্তের ক্ষেত্রফল 20 πবর্গ একক হলে উক্ত ত্রিভূজের পরিবৃত্তের ক্ষেত্রফল কত বর্গ একক?

[সকল. বো. ১৮]

(ক) 20 π (খ) 40 π

(গ) 80 π (ঘ) 400 π **গ**

নিচের তথ্যের আলোকে ৩৬ ও ৩৭ নং প্রশ্নের উত্তর দাও :

ΔPQR এর মধ্যমাত্রয় যথাক্রমে PA, QB ও RC;

মধ্যমাত্রয়ের দৈর্ঘ্য যথাক্রমে 3, 4 ও 5 সে.মি. এবং

মধ্যমাত্রয় পরস্পর M বিন্দুতে ছেদ করে । [দি. বো. ২০]

৩৬. PMএর দৈর্ঘ্য কত সে.মি.?

ক $\frac{2}{3}$ খ 1

গ $\frac{3}{2}$ ঘ 2 ঘ

৩৭. Δ PQR এর বাহু তিনটির উপর অঙ্কিত বর্গক্ষেত্রসমূহের ক্ষেত্রফলের সমষ্টি কত বর্গ সে.মি.

ক 37.5 খ 66.67

গ 75 ঘ 150 খ

উদ্দীপকটি পড়ে ৩৮ ও ৩৯ নং প্রশ্নের উত্তর দাও :



ΔABC এর মধ্যমাত্রয় AD = 6 সে. মি., BE = 5 সে.মি. CF = 4.5 সে.মি. পরস্পর O বিন্দুতে ছেদ করেছে ।

[ঢা. বো. ১৯]

৩৮. OA = কত?

ক 225 সে.মি. খ 2.5 সে.মি.

গ 3 সে.মি. ঘ 4 সে.মি. ঘ

৩৯. AB, BC, এবং AC বাহুর বর্গের সমষ্টি কত?

ক 27.08 বর্গ সে.মি. খ 60.94 বর্গ সে.মি.

গ 81.25 বর্গ সে.মি. ঘ 108.33 বর্গ সে.মি. ঘ

নিচের চিত্রের আলোকে ৪০ ও ৪১ নং প্রশ্নের উত্তর দাও :

[কু. বো. ১৯]



৪০. PS এর লম্ব অভিক্ষেপ কোনটি?

ক PQ   খ QR

গ QS   ঘ RS   গ

৪১. ∠R সূক্ষ্মকোণ হলে PS^2এর মান কোনটি?

ক $PR^2+RS^2-2RS.SQ$ খ $PR^2+RS^2-2RS.RQ$

গ $PR^2+RS^2+2PR.SQ$ ঘ $PR^2+RS^2+2PR.PQ$ খ

নিচের তথ্যের আলোকে ৪২ ও ৪৩ নং উত্তর দাও:



৪২. AB = AD = 3 সে.মি., BC = 25 সে.মি., CD = 3.5 সে.মি. ও AM = 2 সে.মি. হলে, BD = কত? [সকল. বো. ১৮]

ক 4.0 সে.মি.   খ 4.5 সে.মি.

গ 5.5 সে.মি.   ঘ 6.5 সে.মি.

M ও N যথাক্রমে AC ও CD এর মধ্যবিন্দু। [সকল. বো. ১৮]

৪৩. ΔACD-এ AN : AG = কত?

ক 2 : 1   খ 1 : 2

গ 3: 2   ঘ 3 : 2   গ

৪৪. AB = AD = 3 সে.মি., BC = 25 সে.মি., CD = 3.5 সে.মি. ও AM = 2 সে.মি. হলে, BD = কত? [সকল. বো. ১৮]

ক 4.0 সে.মি.   খ 4.5 সে.মি.

গ 5.5 সে.মি.   ঘ 6.5 সে.মি.   খ

৪৪. সমবাহু ত্রিভুজের একটি বহিঃস্থ কোণের মান কত? *[চ. বো. ১৭]*

K120° L 180°M270°   N360°   ক

৪৫.



ABC সমবাহু ত্রিভুজের ∠ACD এর অর্ধেক কত ডিগ্রী?

[রা. বো. ১৭]

K30° L60° M90° N120° (খ)

৪৬. ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য (সে.মি.) দেওয়া থাকলে কোন ক্ষেত্রে সমকোণী ত্রিভুজ আঁকা যায়? [দি. বো. ১৬]

K 12, 15, 19 L6, 7, 8

M 3, 4, 5 N5, 6, 7 (গ)

৪৭. [কু. বো. ১৬]



QS = 8 সে.মি., PS = 5 সে.মি. এবং PR = 3 সে. মি. হলে PQ এর মান কত সে. মি.?

K$\sqrt{55}$ L $\sqrt{73}$ M$\sqrt{135}$ N $\sqrt{153}$ (ঘ)

৪৮.



ABC ত্রিভুজটির মধ্যমাত্রয়ের বর্গের সমষ্টি কত বর্গ সে.মি.?

[দি. বো. ১৭]

K507 L253.50

M169 N112.67 (খ)

৪৯. **ABC ত্রিভুজে ∠B সূক্ষ্মকোণ হলে নিচের কোনটি সঠিক?**

[দি. বো. ১৭]

K$AC^2 < AB^2 + BC^2$

L$BC^2 < AB^2 + AC^2$

M$AB^2 > AC^2 + BC^2$

N$AB^2 < AC^2 + BC^2$ (ক)

৫০. **ΔABC এ ∠C = 120°, BC = 2 সে. মি. এবং AC = 5 সে. মি. হলে AB এর দৈর্ঘ্য কত সে. মি.?** [রা. বো. ১৭]

K$\sqrt{9}$ L$\sqrt{19}$ M$\sqrt{39}$ N$\sqrt{49}$ (গ)

৫১.



XY রেখাংশে **PQ** এর লম্ব অভিক্ষেপ নিচের কোনটি?

[রা. বো. ১৬]

KPQ L QR MPR NXY খ

৫২. কোনো ত্রিভুজের বাহুত্রয় **3, 4** ও **5** সে.মি. হলে, মধ্যমাত্রয়ের বর্গের সমষ্টি কত বর্গ সে.মি.? [ঢা. বো. ১৬; সি. বো. ১৬]

K 6.12 L 12.5 M 37.5 N150 গ

৫৩. ত্রিভুজের পরিবৃত্তের ব্যাস **D** হলে, নববিন্দু বৃত্তের ব্যাসার্ধ কত?

[কু. বো. ১৭]

K $\frac{D}{4}$ L $\frac{D}{2}$ M2D N4D ক

৫৪. একটি ত্রিভুজের নববিন্দু বৃত্তের ক্ষেত্রফল **25**π বর্গ একক হলে ঐ ত্রিভুজের পরিবৃত্তের ক্ষেত্রফল কত বর্গ একক? [দি. বো. ১৭]

K 25π L50π M100π N625π গ

৫৫. মধ্যমাত্রয় যে বিন্দুতে ছেদ করে তাকে কি বলে? [চ. বো. ১৬]

Kভরকেন্দ্র Lপরিকেন্দ্র

Mনববিন্দু Nঅন্তঃকেন্দ্র ক



৫৬. কোন ত্রিভুজ দুটি সদৃশকোণী? [চ. বো. ১৬]

KΔABP ও ΔADP

L ΔAOG ও ΔSPG

MΔADC ও ΔAOG

NΔADP ও ΔADC খ

৫৭. একটি ত্রিভুজের পরিকেন্দ্র, ভরকেন্দ্র ও লম্ববিন্দু যোগ করলে কোনটি গঠিত হয়?

[কু. বো. ১৬]

Kসরলরেখা Lত্রিভুজ

Mআয়তক্ষেত্র Nকোণক ক

৫৮. "বৃত্তস্থ চতুর্ভুজের কর্ণদ্বয়ের আয়তক্ষেত্র ঐ চতুর্ভুজের বিপরীত বাহুর অন্তর্গত আয়তক্ষেত্রের সমষ্টির সমান"– এই উপপাদ্যটিকে বলা হয়– [য. বো. ১৬]

Kপীথাগোরাসের উপপাদ্য

Lঅ্যাপোলোনিয়াসের উপপাদ্য

Mটলেমির উপপাদ্য

Nব্রহ্মগুপ্তের উপপাদ্য গ

৫৯.



PQR সমবাহু ত্রিভুজের ভরকেন্দ্র G হলে–

i. QG ঃ GN = 2 ঃ 3

ii. $PG = \frac{2}{3} PM$

iii. $PQ^2 = PM^2 + QM^2$

নিচের কোনটি সঠিক? *[সি. বো. ১৭]*

Ki ও ii Li ও iii

Mii ও iii Ni, ii ও iii গ

৬০.



চিত্রে S পরিকেন্দ্র, G ভরকেন্দ্র এবং O লম্ববিন্দু হলে–

i. AG ঃ GP = 2 ঃ 1

ii. AP ঃ AG = 3 ঃ 1

iii. $SP = \frac{1}{2} AO$

নিচের কোনটি সঠিক? *[য. বো. ১৭; য. বো. ১৫]*

Ki ও ii Li ও iii

Mii ও iii Ni, ii ও iii খ



৬১. **নববিন্দু বৃত্তের ক্ষেত্রে —**

i. ভরকেন্দ্র মধ্যমাকে 2 : 1 অনুপাতে বিভক্ত করে

ii. ত্রিভুজের লম্ববিন্দু ও পরিকেন্দ্র সংযোজন করে উৎপন্ন রেখাংশের মধ্যবিন্দুই নববিন্দু বৃত্তের কেন্দ্র

iii.নববিন্দু বৃত্তের ব্যাসার্ধ ত্রিভুজের পরিব্যাসার্ধের অর্ধেকের সমান

নিচের কোনটি সঠিক? *[সি. বো. ১৬]*

Ki ও ii Li ও iii

Mii ও iii Ni, ii ও iii ঘ

৬২. **বৃত্তের ক্ষেত্রে–**

i. বৃত্তস্থ ট্রাপিজিয়ামের তির্যক বাহুদ্বয় পরস্পর সমান

ii. অর্ধবৃত্তস্থ কোণ এক সমকোণ

iii.বৃত্তস্থ চতুর্ভুজের বিপরীত কোণদ্বয় পূরক কোণ

নিচের কোনটি সঠিক? *[সি. বো. ১৭]*

Ki ও ii Li ও iii

Mii ও iii Ni, ii ও iii ক

নিচের তথ্যের আলোকে (৬৩ ও ৬৪) নং প্রশ্নের উত্তর দাও:



চিত্রে P, Q ও R হল যথাক্রমে EF, DF ও DE এর মধ্যবিন্দুত্রয়।

৬৩. **যদি ΔDEF এর শীর্ষবিন্দুত্রয় দিয়ে একটি বৃত্ত আঁকা হয়, তাহলে এটি কী ধরনের বৃত্ত হবে?** *[ব. বো. ১৭]*

Kপরিবৃত্ত Lঅন্তর্বৃত্ত

Mবহির্বৃত্ত Nনববিন্দুবৃত্ত ক

৬৪. **নিচের কোনটি সঠিক?** *[ব. বো. ১৭]*

KDG ঃ GP = 2 ঃ 1

LDG ঃ GP = 1 ঃ 2

MDG ঃ GP = 3 ঃ 2

NDG ঃ GP = 2 ঃ 3 ক

নিচের তথ্যের আলোকে (৬৫ ও ৬৬) নং প্রশ্নের উত্তর দাওঃ



৬৫. **BD** এর উপর **AC** এর লম্ব অভিক্ষেপ কোনটি? *[সি. বো. ১৬]*

KBD L CD MAB NBC ঘ

৬৬. **DC** = কত সে.মি.? *[সি. বো. ১৬]*

K2 L 4 M6 N8 ক

নিচের তথ্যের আলোকে (৬৭ ও ৬৮) নং প্রশ্নের উত্তর দাও:



চিত্রে BE = CE এবং AD ⊥ BC

৬৭. **AE** রেখার লম্ব অভিক্ষেপ নিচের কোনটি? *[সি. বো. ১৭]*

KCD L DE MBENBD খ

৬৮. নিচের কোন সম্পর্কটি এ্যাপোলোনিয়াসের উপপাদ্যকে সমর্থন করে? *[সি. বো. ১৭]*

K$AB^2 + AC^2 = 2BD^2$

L$AC^2 + AB^2 = 2CD^2 + 2AE^2$

M$AB^2 + AC^2 = 2BE^2 + 2AE^2$

N$AB^2 + AD^2 = 2BE^2 + 2DE^2$ গ

নিচের তথ্যের আলোকে (৬৯ ও ৭০) নং প্রশ্নের উত্তর দাও:



চিত্রে ΔABC- এ AB = AC = 6 cm,

∠ADC = 90° এবং BC = 4 cm

৬৯. **AD** এর দৈর্ঘ্য কত? *[রা. বো. ১৬]*

K$4\sqrt{2}$ cm L$3\sqrt{2}$ cm

M$3\sqrt{2}$ cm N$\sqrt{2}$ cm ক

৭০. **ΔABC এর ক্ষেত্রফল কত?** [রা. বো. ১৬]

K$4\sqrt{2}$ cm^2 L$6\sqrt{2}$ cm^2

M$8\sqrt{2}$ cm^2 N$10\sqrt{2}$ cm^2 গ

নিচের তথ্যের আলোকে (৭১ ও ৭২) নং প্রশ্নের উত্তর দাও।



চিত্রে ABC একটি সমবাহু ত্রিভুজ।

৭১. **নিচের কোনটি AD এর মান?** [সি. বো. ১৭]

K$\frac{\sqrt{3}}{2}$x L $\frac{3}{4}$x^2 M$\sqrt{3}$x^2 Nx^2 ক

৭২. **x = 2 হলে, ΔABC এর ক্ষেত্রফল কত?** [য. বো. ১৭]

K$\sqrt{3}$ L3 M$3\sqrt{3}$ N $\frac{\sqrt{3}}{2}$ ক

নিচের তথ্যের আলোকে (৭৩ ও ৭৪) নং প্রশ্নের উত্তর দাও:



AB =12 সে.মি., BC =5 সে.মি. এবং AC = 13 সে.মি.।

৭৩. **ABC ত্রিভুজের–**

i. অর্ধপরিসীমা 15 cm

ii. ক্ষেত্রফল 30cm^2

iii.sin B = $\frac{12}{13}$

নিচের কোনটি সঠিক? [ব. বো. ১৬]

Ki ও ii L i ও iii

Mii ও iii N i, ii ও iii ক

৭৪. **BD এর দৈর্ঘ্য কত সে.মি.?** [ব. বো. ১৬]

K 4.62L 9.23M 10 N 24 ক

নিচের চিত্রের আলোকে (৭৫ ও ৭৬) নং প্রশ্নের উত্তর দাও:



৭৫. **DB এর উপর AC এর লম্ব অভিক্ষেপ কোনটি?** *চ. বো. ১৭*

KAD LDC MDB NCB খ

৭৬. **$\angle$B সূক্ষ্মকোণ হলে, AC^2-এর মান কোনটি?** *চ. বো. ১৭*

K$AB^2 + BC^2 - 2BC.CD$

L$AB^2 + BC^2 - 2BC.BD$

M$AB^2 + BC^2 + 2AC.CD$

N$AB^2 + BC^2 + 2AB.AD$ খ

EXTRA MCQ SOLVED

১. **70°-এর সম্পূরক কোণের অর্ধেকের মান কত?**

ক 110° ● 55° গ 20° ঘ 10°

২. **চিত্রে লম্ব অভিবেপ কোনটি?**



● CD খ AC গ BD ঘ AB

৩.



চিত্রে $\angle$BAC এর মান কত?

ক 45° খ 60° ● 90° ঘ 120°

৪. **ত্রিভুজের তিনটি মধ্যমার ছেদবিন্দুকে–বলে।**

ক অন্তঃকেন্দ্র ● ভরকেন্দ্র গ পরিকেন্দ্র ঘ লম্বকেন্দ্র

৫. **ΔABC এর $\angle$C = 90°, AC = BC = 3 সে.মি. হলে AB = কত?**

ক 3 সে.মি. ● $3\sqrt{2}$ সে.মি. গ 6 সে.মি. ঘ 18 সে.মি.

৬. **ΔDEF এর ৰেত্রে–**

i. $\angle D = 90°$ হলে, $EF^2 = DE^2 + DF^2$

ii. $\angle D > 90°$ হলে, $EF^2 < DE^2 + DF^2$

iii. $\angle D < 90°$ হলে, $EF^2 < DE^2 + DF^2$

নিচের কোনটি সঠিক?

● i　　ⓚ i ও ii　　ⓖ ii ও iii　　ⓘ i, ii ও iii

৭. **ΔABC এর ক্ষেত্রে–**

i. $\angle C$ স্থূলকোণ হলে $AB^2 > AC^2 + BC^2$

ii. $\angle C$ সমকোণ হলে $AB^2 = AC^2 + BC^2$

iii. $\angle C$ সমকোণ হলে $AC^2 < AB^2 + BC^2$

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii　　ⓚ ii ও iii　　ⓖ ii ও iii　　● i, ii ও iii

নিচের উদ্দীপক থেকে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও :

ΔABC এর মধ্যমাত্রয় AD = 3 সে.মি. BE = 4 সে.মি., CF = 5 সে.মি. এবং মধ্যমাত্রয় পরস্পরকে P বিন্দুতে ছেদ করেছে।

৮. **AP এর দৈর্ঘ্য কত সে.মি.?**

ⓚ $\frac{2}{3}$　　ⓚ 1　　ⓖ $\frac{3}{2}$　　● 2

৯. **$AB^2 + BC^2 + AC^2$ এর মান কত?**

ⓚ 37.50 বর্গ সে.মি.　　● 66.67 বর্গ সে.মি.

ⓖ 75 বর্গ সে.মি.　　ⓘ 150 বর্গ সে.মি.

নিচের উদ্দীপক থেকে ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও :



চিত্রে, $\angle ACB$ স্থূলকোণ এবং B বাহুর উপর AC এর লম্ব অভিক্ষেপ CD।

১০. **ΔABC এর ক্ষেত্রে কোনটি সঠিক?**

● $AB^2 = AC^2 + BC^2 + 2BC.\ CD$

ⓚ $AB^2 = AC^2 + BC^2 - 2BC.\ CD$

ⓖ $AB^2 = AC^2 + BC^2$

ⓘ $AB^2 > AC^2 + BC^2$

১১. **CD এর মান কত?**

● 3　　ⓚ 4　　ⓖ 5　　ⓘ 6

নিচের উদ্দীপক থেকে ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও :



১২. **AC বাহুর দৈর্ঘ্য কত?**

ⓚ 20 সে.মি.　　ⓚ 15 সে.মি.　● 10 সে.মি.　　ⓘ 5 সে.মি.

১৩. **ABC এর মধ্যমাত্রয়ের বর্গের সমষ্টি কত হবে?**

ⓚ 50 সে.মি.　　ⓚ 100 সে.মি.　ⓖ 125 সে.মি.　● 150 সে.মি.

নিচের উদ্দীপক থেকে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :

7, 8 ও r সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট তিনটি বৃত্ত পরস্পরকে বহিঃস্পর্শ করেছে। তাদের কেন্দ্রসমূহ যোগ করলে যে ত্রিভুজটি উৎপন্ন হয় তার পরিসীমা 42 সে.মি.।

১৪. r = কত সে.মি.

ⓚ 1 ⓚ 4 ● 6 ⓘ 9

১৫. উৎপন্ন ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ সে.মি.?

ⓚ 36 ⓚ 48 ● 84 ⓘ 96

১৬. কোনো নির্দিষ্ট সরলরেখার ওপর কোনো বিন্দুর লম্ব অভিক্ষেপ বলতে বোঝায় সেই বিন্দু থেকে উক্ত নির্দিষ্ট রেখার ওপর অঙ্কিত লম্বের– (সহজ)

● পাদবিন্দু ⓚ লম্ববিন্দু ⓖ শীর্ষবিন্দু ⓘ ঊর্ধ্বরেখা

১৭.



চিত্রের xy এর ওপর AB রেখাংশের লম্ব অভিক্ষেপ কোনটি? (সহজ)

ⓚ PQ ● ab ⓖ ST ⓘ by

১৮.



চিত্রানুযায়ী AB^2 এর মান নিচের কোনটি? (কঠিন)

ⓚ $AB^2 + BC^2 + 2BC.CD$ ● $AC^2 + BC^2 - 2BC.CD$

ⓖ $AC^2 + BC^2 + 2BC.CD$ ⓘ $AC^2 + CD^2 - 2BC.CD$

১৯. সূক্ষ্মকোণী ত্রিভুজের পাদত্রিভুজের কোণগুলো সমদ্বিখণ্ডকত্রয়ের–(সহজ)

● সমবিন্দু ⓚ সমান্তরাল

ⓖ ভূমির সমান্তরাল ⓘ সমান

২০. সূক্ষ্মকোণী ত্রিভুজের পাদত্রিভুজের অন্তঃকেন্দ্র কোনটি?(সহজ)

ⓚ ভরকেন্দ্র ● লম্ববিন্দু ⓖ পরিকেন্দ্র ⓘ বহিঃকেন্দ্র

২১. পাদত্রিভুজের কোণগুলোর সমদ্বিখণ্ডকগুলো যে বিন্দুতে মিলিত হয় তাকে কী বলা হয়? (সহজ)

ⓚ পরিকেন্দ্র ⓚ বহিঃকেন্দ্র ● অন্তঃকেন্দ্র ⓘ ভরকেন্দ্র

২২. পিথাগোরাস ছিলেন একজন – (সহজ)

ⓚ জ্যোতির্বিদ ● গণিতবিদ ⓖ রসায়নবিদ ⓘ ডাক্তার

২৩. পিথাগোরাসের জন্ম কোথায়? (সহজ)

ⓚ ফ্রান্সে ⓚ ইরাকে ⓖ ব্রিটেনে ● গ্রিসে

২৪. সমকোণী ত্রিভুজের ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ উপপাদ্য কে বর্ণনা করেন? (সহজ)

(ক) টলেমি (খ) ব্রহ্মগুপ্ত (গ) দেকার্তে ● পিথাগোরাস

২৫. সমকোণী ত্রিভুজের গুরবত্বপূর্ণ উপপাদ্যটি সম্পর্কে সর্বপ্রথম কাদের ধারণা ছিল? (সহজ)

● মিশরীয়দের (খ) গ্রিকদের

(গ) ফরাসিদের (ঘ) ইতালীয়দের

২৬. একটি সমকোণী ত্রিভুজের লম্ব 5 মি. ও ভূমি 12 মি. হলে অতিভুজ কত হবে? (মধ্যম)

(ক) 4 মিটার (খ) 6 মিটার (গ) 8 মিটার ● 13 মিটার

২৭.



ΔABC-এ AB = BC হলে, **∠B = কত?** (মধ্যম)

(ক) 60° ● 90° (গ) 100° (ঘ) 120°

ব্যাখ্যা : ত্রিভুজটি সমদ্বিবাহু অর্থাৎ AB = BC হওয়ায়

$\angle BAC = \angle ACB = 45°$

আমরা জানি, ত্রিভুজের তিন কোণের সমষ্টি দুই সমকোণ

$\therefore \angle ABC + \angle BAC + \angle ACB = 180°$

বা, $\angle ABC + 45° + 45° = 180°$

বা, $\angle ABC + 90° = 180°$

বা, $\angle ABC = 180° - 90°$

$\therefore \angle ABC = 90°$

২৮.



ΔABC-এ ∠C = 60° হলে নিচের কোনটি সঠিক?(কঠিন)

● $AB^2 = AC^2 + BC^2 - AC.BC$

(খ) $AB^2 = AC^2 + BC^2 + AB.BC$

(গ) $AB^2 = AC^2 + BC^2 - AB.BC$

(ঘ) $AC^2 = AB^2 + BC^2 - AB.BC$

২৯. একটি সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয় যথাক্রমে 8 একক ও 6 একক হলে, অতিভুজের দৈর্ঘ্য কত একক? (মধ্যম)

● 10 (খ) 30 (গ) 64 (ঘ) 100

৩০.



উপরের চিত্রে $\angle$**ABC** = কত ডিগ্রি? (সহজ)

(ক) 45° (খ) 60° ● 90° (ঘ) 120°

৩১.



উপরের চিত্রে **AB** বাহুর দৈর্ঘ্য কত একক? (মধ্যম)

● 5 একক (খ) 25 একক (গ) 64 একক (ঘ) 100 একক

ব্যাখ্যা : $AB^2 = 13^2 - 12^2$

$= 169 - 144$

$= 25$

$\therefore AB = 5$

৩২.



ΔDEF এর –

i. DF এর লম্ব অভিক্ষেপ = O

ii. $\angle EDF = 45^\circ$ হলে DF > EF

iii. EF এর লম্ব অভিক্ষেপ = O

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

(ক) i ও ii ● i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৩.



ΔABC ও ΔDEF এ AB = DE, BC = EF হলে–

i. <B = একক সমকোণ

ii. ΔABC এ AC2 = $AB^2 + BC^2$

iii. BC = DF

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

● i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

নিচের চিত্রের আলোকে ৩৪ – ৩৬ নং প্রশ্নের উত্তর দাও :



চিত্রে ΔABC এ $AB = 8$ সে. মি. এবং $\angle BAC = \angle ACB = 45°$।

৩৪. **BC = কত সে. মি.?** (মধ্যম)

(ক) 4 ● 8 (গ) $8\sqrt{2}$ (ঘ) 16

৩৫. **AC = কত সে. মি.?** (মধ্যম)

(ক) 8 ● $8\sqrt{2}$ (গ) 64 (ঘ) 128

৩৬. **ACDE চতুর্ভুজের ৰেত্রফল কত বর্গ সে.মি.?** (সহজ)

(ক) 64 (খ) 96 (গ) 112 ● 128

৩৭.



ΔABC এর AC বাহুর লম্ব অভিৰেপ কোনটি? (মধ্যম)

(ক) BC (খ) BD ● CD (ঘ) AD

৩৮. চিত্রে AC মধ্যমার দৈর্ঘ্য কত?



(ক) 0.29cm (খ) 0.92 (গ) 1.92cm ● 2.92

ব্যাখ্যা : এ্যাপোলোনিয়াসের উপপাদ্য অনুযায়ী,

$AB^2 + AB^2 = 2\,(AC^2 + BC^2)$

বা, $4^2 + 3^2 = 2\,(4C^2 + 2^2)$

বা, $16 + 9 = 2\,(AC^2 + 4)$

বা, $2(AC^2 + 4) = 25$

বা, $AC^2 + 4 = \dfrac{25}{2}$

বা, $AC^2 + 4 = 12.5$

বা, $AC^2 = 12{\cdot}5 - 4$

বা, $AC^2 = 8{\cdot}5$

$\therefore\ AC = 2{\cdot}92$

৩৯. **চিত্র অনুযায়ী AB^2–এর মান নিচের কোনটি?** (কঠিন)



● $AC^2 + BC^2 + 2BC.CD$ (খ) $AC^2 + BC^2 - 2BC.CD$

গ $AC^2 + BC^2 + 2BC.AC$ ঘ $AC^2 + BC^2 - 2BC.AC$

৪০. **ΔABC এর AD, BC এর মধ্যমা হলে এ্যাপোলোনিয়াসের উপপাদ্য অনুসারে নিচের কোনটি সঠিক?** (কঠিন)

● $AB^2 + AC^2 = 2AD^2 + 2BD^2$

খ $AB^2 + AD^2 = 2(AC^2 + BD^2)$

গ $AB^2 + AD^2 = 2AC^2 + 2BD^2$

ঘ $AB^2 + BC^2 = 2AD^2$

৪১. **ΔABC এর $\angle C$ সমকোণ হলে কোনটি সঠিক?** (কঠিন)

ক $AB^2 > BC^2 + CA^2$ খ $AB^2 < BC^2 + CA^2$

● $AB^2 = BC^2 + CA^2$ ঘ $AB^2 + BC^2 + CA^2$

৪২. **ΔABC এর $\angle C$ সূক্ষ্মকোণ হলে নিচের কোনটি সঠিক?**(কঠিন)

ক $AB^2 > BC^2 + CA^2$ ● $AB^2 < BC^2 + CA^2$

গ $AB^2 = BC^2 + CA^2$ ঘ $AB^2 + BC^2 + CA^2$

৪৩. **ΔABC এর $\angle C$ স্থূলকোণ হলে নিচের কোনটি সঠিক?**(কঠিন)

● $AB^2 > BC^2 + AC^2$ খ $AB^2 = BC^2 + AC^2$

গ $AB^2 < BC^2 + AC^2$ ঘ $AB^2 + BC^2 + CA^2$

৪৪. **সমদ্বিবাহু ΔABC-এ $\angle C = 120°$ হলে নিচের কোনটি সঠিক?** (কঠিন)

ক $AB^2 = AC^2 + BC^2$ খ $AC^2 = 3BC^2$

● $AB^2 = 3BC^2$ ঘ $BC^2 = 3AC^2$

৪৫. **ΔABC-এ $\angle C = 120°$ এবং $\angle B = 30°$ হলে নিচের কোনটি সঠিক?** (কঠিন)

● $AB^2 = 3BC^2$ খ $AB^2 = AC^2 + BC^2$

গ $AB^2 = 2BC^2$ ঘ $AB^2 = \sqrt{3}\,BC^2$

৪৬. **ΔABC-এ BC এর মধ্যবিন্দু D, AB = AC এবং AC কে E পর্যন্ত বর্ধিত করা হলো যেন, AC = CE হয়। CD = 1 সে.মি. এবং AD = 4 সে.মি. হলে, BE-এর মান কত?** (কঠিন)

ক 3 সে.মি. খ 4 সে.মি. গ 5 সে.মি. ● 6 সে.মি.

৪৭. **ABCD আয়তক্ষেত্রের বাহু P ও Q বিন্দুতে তিনটি সমান অংশে বিভক্ত হয়েছে। নিচের কোনটি সঠিক?** (কঠিন)

$\angle CPF = \angle APE$ [∵বিপ্রতিপ কোন পরস্পর সমান]

$\therefore \angle EAP = \angle APE$

ফলে ΔAEP এ $AE = EP$

অনুরপভাবে দেখানো যায় যে, $\angle EBP = \angle DCP = \angle DPF = \angle BPE$

ফলে, ΔBEP এ, $BE = EP$

অতএব, $AE = BE$ (প্রমানিত)

গ. এখানে, ΔABD এ $AB = AD$ এবং $AP \perp BD$; ΔABD

এর পরিকেন্দ্র O এবং পরিবৃত্তের ব্যাসার্ধ $R = OA$

প্রমাণ করতে হবে যে, $AB^2 = 2R.AP$



প্রমাণঃ ΔAPB ও ΔACD এ

$\angle APB = \angle ADC$ [উভয়ে এক সমকোণ]

$\angle ABP = \angle ACD$ [একই চাপ AD এর উপর অবস্থিত]

অবশিষ্ট $\angle BAP$ = অবশিষ্ট $\angle DAC$

∴ ΔABP ও ΔACD সদৃশকোণী ও সদৃশ।

তাহল, $\frac{AB}{AP} = \frac{AC}{AD}$ [দুইটি ত্রিভুজ সদৃশকোণী হলে এদের অনুরূপ বাহুগুলো সমানুপাতিক]

বা, $AB.AD = AC.AP$

বা, $AB.AB = (OA + OC).AP$ [$\because AB = AD$ এবং $AC = OA + OC$]

বা, $AB^2 + (OA + OA).AP$ [$\because OA = OC$]

বা, $AB^2 = 2 \times OA.AP$

$\therefore AB^2 = 2R.AP$ (প্রমাণিত)

🕮 ৫. সিলেট বোর্ড ২০২০

A এবং B যথাক্রমে $\varDelta LMN$ এর পরিকেন্দ্র এবং লম্ববিন্দু। LP মধ্যমা, A এবং B এর সংযোগ রেখা LP কে G বিন্দুতে ছেদ করেছে।

ক. $3, 4, 5$ একক দৈর্ঘ্যবিশিষ্ট একটি ত্রিভুজের মধ্যমাত্রয়ের বর্গের সমষ্টি বর্ণনা কর।

খ. প্রমাণ কর যে, A, G, B বিন্দু তিনটি সমরেখ।

গ. $\angle N$ সূক্ষকোণ হলে প্রমাণ কর যে, $MN.DN = LN.EN$

<u>৫ নং প্রশ্নের সমাধান</u>

ক. এখানে, $\varDelta ABC$ এর বাহুত্রয়, $a = BC = 3$ একক

$b = AC = 4$ একক

$c = AB = 5$ একক

এবং মধ্যমাত্রয়, $d = AE, e = BF, f = CG$

এখন, $AC^2 + BC^2 = 4^2 + 3^2$

$= 16 + 9 = 25 = 5^2 = AB^2$

$\therefore AC^2 + BC^2 = AB^2$

$\therefore ABC$ একটি সমকোণী ত্রিভুজ এবং অতিভুজ $c = AB = 5$ একক।

আমরা জানি, সমকোণী ত্রিভুজের মধ্যমাত্রয়ের উপর অঙ্কিত বর্গক্ষেত্র সমূহের ক্ষেত্রফলের সমষ্টির দ্বিগুণ অতিভুজের উপর অঙ্কিত বর্গ ক্ষেত্রের ক্ষেত্রফলের 3 গুণ এর সমান।



অর্থাৎ $2\,(d^2 + e^2 + f^2) = 3c^2$

বা, $d^2 + e^2 + f^2 = \frac{3}{2} \times c^2 = \frac{3}{2} \times 5^2$

$= \frac{3}{2} \times 25 = 37.5$ বর্গ একক

∴ নির্ণয়ে ত্রিভুজ এর মধ্যমাত্রয়ের বর্গের সমষ্টি 37.5 বর্গ একক।

খ. এখানে, ΔLMN এর পরিকেন্দ্র A,লম্ব বিন্দু B এবং LP একটি মধ্যমা। পরিকেন্দ্র A এবং লম্ব বিন্দু B এর সংযোগ রেখা LP মধ্যমা কে G বিন্দুতে ছেদ করে। A, P যোগ করলে AP রেখা MN এর উপর লম্ব।

প্রমাণ করতে হবে যে,

A, G, B বিন্দু তিনটি সমরেখ। অর্থাৎ G বিন্দুটি $\varDelta$LMN এর ভর কেন্দ্র, এটি প্রমাণ করাই যথেষ্ট হবে।



প্রমাণ ঃ ΔLMN এর লম্ববিন্দু B থেকে L শীর্ষের দূতত্ব BL

এবং পরিকেন্দ্র A থেকে L শীর্ষের বিপরীত বাহু MN এর দূরত্ব AP

$\therefore BL = 2AP$ [$\because$ত্রিভুজের লম্ব বিন্দু থেকে শীর্ষের দূরত্ব ত্রিভূজের পরিকেন্দ্র থেকে ওই শীর্ষের বিপরীত বাহুর লম্ব দূরত্বের দ্বিগুণ]

এখন, যেহেতু LD ও AP উভয় MN এর উপর লম্ব সেহেতু $LD \parallel AP$ এবং LP এদের ছেদক।

$\angle PLD = \angle LPA$ [একান্তরকোণ]

অর্থাৎ, $\angle BLG = \angle APG$

এখন, ΔLGB এই এবং ΔPGA এর মধ্যে

$\angle LGB = \angle PGA$ [বিপ্রতীপ কোন]

$\angle BLG = \angle APG$ [একান্তরকোণ]

$\therefore$অবশিষ্ট$\angle LBG =$ অবশিষ্ট $\angle PAG$

$\therefore \Delta LBG$ এই এবং ΔPGA সদৃশকোনী।

সুতরাং, $\frac{LG}{GP} = \frac{BL}{AP}$

বা, $\frac{LG}{GP} = \frac{2AP}{AP}$ [$\because$ BL=2AP]

বা, $\frac{LG}{GP} = \frac{2}{1}$.

সুতরাং AL : GP = 2:1

অর্থাৎ G বিন্দু LP মধ্যমাকে $2:1$ অনুপাতে বিভক্ত করেছে।

$\therefore G$ বিন্দু ΔLMN এর ভরকেন্দ্র ।

অর্থাৎ A, G, B বিন্দু তিনটি সমরেখ। (প্রমাণিত)

গ. এখানে, ΔLMN এর LN সূক্ষ্মকোণ। MN ও LN এর উপর লম্ব যথাক্রমে LD ও ME ।প্রমাণ করতে হবে যে,

$$MN.DN = LN.EN$$



প্রমাণ ঃ যেহেতু LMN ত্রিভুজ এর$\angle N$ সূক্ষ্মকোণ এবং MN বাহুর উপর LD লম্ব।

সেহেতু, $LM^2 = LN^2 + MN^2 - 2MN.DN.........(i)$

একইভাবে যখন LN বাহুর উপর ME লম্ব তখন

$LM^2 = LN^2 + MN^2 - 2LN.EN$............ (ii)

সমীকরণ (i) ও (ii) হতে,

$$LN^2 + MN^2 - 2MN.DN = LN^2 + MN^2 - 2LN.EN$$

বা, $LN^2 + MN^2 - LN^2 - MN^2 - 2MN.DN = -\,2LN.EN$

বা, $-2MN.DN = -\,2LN.EN$

সুতরাং $MN.DN \ = \ LN.E.$ (প্রমানিত)

[বি:দ্রঃ উদ্দীপকে D এবং E এর কোনো উল্লেখ না থাকায় 'খ' নং এর চিত্র অনুযায়ী MN এবং LN এর উপর লম্ব যথাক্রমে LD এবং ME ধরে সমাধান করা হয়েছে।]

🕮 ৬. বরিশাল বোর্ড ২০২০



$\triangle PQR$ এর PX, QY, RZ তিনটি মধ্যমা

ক. 8 সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট গলোকের পৃষ্ঠতলের ক্ষেত্রফল নির্ণয় কর।

খ. প্রমাণ কর যে, PQ^2+ PR^2 = 2($PX^2 + QX^2$)

গ, প্রমাণ কর যে, $3(PQ^2 + \ PR^2 \ + \ QR^2) \ = \ 4\ (PX^2 + QY^2 \ + \ RZ^2).$

⇨৬নং প্রশ্নের সমাধান⇦

ক. এখানে, গোলকের ব্যাসার্ধ, $r = 8$ সে.মি.

গোলকের পৃষ্ঠতলের ক্ষেত্রফল $= 4\pi r^2$ বর্গ একক

$= 4 \times 3.1416 \ \times 8^2$ বর্গ সে.মি.

$= 4 \times 3.1416 \ \times 64$ বর্গ সে.মি.

$= \ 804.25$ বর্গ সে.মি. (প্রায়ঃ)

নির্ণেয় গোলকের পৃষ্ঠতলের ক্ষেত্রফল ৮০৪.২৫ বর্গ সে.মি. (প্রায়)।

খ. এখানে, $\triangle PQR$ এর PX মধ্যমা QR বাহুকে সমদ্বিখণ্ডিত করেছে।

প্রমাণ করতে হবে যে, $PQ^2 \ + \ PR^2 \ = \ 2\ (PX^2 \ + \ QX^2)$

অঙ্কন :P বিন্দু হতে QR-এর উপর PS লম্ব আঁকি।



প্রমাণ : $\triangle PQD$-এ $\angle PDQ$ স্থূলকোণ এবং QD রেখার বর্ধিতাংশের উপর PX রেখার লম্ব অভিক্ষেপ $XS.$

∴ স্থূলকোণের ক্ষেত্রে পীথাগোরাসের উপপাদ্যের বিস্তৃতি অনুসারে পাই;

$PQ^2 \ = \ PX^2 \ + \ QX^2 \ + \ 2QX\ .XS \ldots\ldots\ldots\ldots(1)$

আবার, $\triangle PXR$-এ $\angle PXR$ সূক্ষ্কোণ এবং XR রেখার উপর PX রেখার লম্ব অভিক্ষেপ $XS.$

সূক্ষ্মকোণের ক্ষেত্রে পীথাগোরাসের উপপাদ্যের বিস্তৃতি অনুসারে পাই,

$PR^2 \ = \ PX^2 \ + \ XR^2 - 2XR.XS \ldots\ldots\ldots\ldots\ldots\ldots(2)$

(১) ও (২) নং সমীকরণ যোগ করে পাই,

$$PQ^2 + PR^2 \ = \ PX^2 \ + \ QX^2 \ + \ 2QX\ .XS + PX^2 \ + \ XR^2 - 2XR.XS$$

$$= \ 2PX^2 \ + QX^2 + 2QX.XS \ + QX^2 - QX.XS \ [\because QX \ = XR]$$

$= 2PX^2 + 2QX^2$

$PQ^2 + PR^2 = 2(PX^2 + QX^2)$. (প্রমাণিত)

গ. মনে করি, $\triangle PQR$ এর বাহুদ্বয় $QR = a, PR = b, PQ = c$ এবং মধ্যমাদ্বয় $PX = d, QY = e$ ও $RZ = f$.

প্রমাণ করতে হবে যে,

$3(PQ^2 + PR^2 + QR^2) = 4(PX^2 + QY^2 + RZ^2)$।



প্রমাণ : $\triangle PQR$ এর PD একটি মধ্যমা।

$\therefore PQ^2 + PR^2 = 2(PX^2 + QX^2)$ ['খ' হতে]

বা, $c^2 + b^2 = 2\{d^2 + \left(\frac{1}{2^a}\right)^2\}[\because QD = \frac{1}{2}QR = \frac{1}{2}a]$.

$$= 2d^2 + 2 \times \frac{1}{4}a^2$$

$$= 2d^2 + \frac{1}{2}a^2 = \frac{4d^2 + a^2}{2}$$

বা, $2(b^2 + c^2) = 4d^2 + a^2$

বা, $4d^2 = 2(b^2 + c^2) - a^2$ ....(৩)

অনুরূপভাবে, $4e^2 = 2(c^2 + a^2) - b^2$ .... (৪)

এবং $4f^2 = 2(a^2 + b^2) - c^2$ .... (৫)

(৩), (৪) ও (৫) নং যোগ করে পাই,

$$4d^2 + 4e^2 + 4f^2 = 2(b^2 + c^2) - a^2 + 2(c^2 + a^2) - b^2 + 2(a^2 + b^2) - c^2$$

বা, $4(d^2 + e^2 + f^2) = 2b^2 + 2c^2 - a^2 + 2c^2 + 2a^2 - b^2 + 2a^2 + 2b^2 - c^2$

বা, $4(d^2 + e^2 + f^2) = 3a^2 + 3b^2 + 3c^2$

বা, $3(a^2 + b^2 + c^2) = 4(d^2 + e^2 + f^2)$

বা, $3(QR^2 + PR^2 + PQ^2) = 4(PX^2 + QY^2 + RZ^2)$

$\therefore 3(QR^2 + PR^2 + PQ^2) = 4(PX^2 + QY^2 + RZ^2)$ (প্রমাণিত)

৭. দিনাজপুর বোর্ড ২০২০



চিত্রে, O কেন্দ্রবিশিষ্ট $PQRS$ একটি বৃত্ত।

ক. সমবাহু $\triangle ABC$ এর পরিবৃত্তের ব্যাসার্ধ ৫ সে.মি.হলে ত্রিভুজটির বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর।

খ. প্রমাণ কর যে, $PQ^2 + QR^2 = 2(OQ^2 + OP^2)$

গ. প্রমাণ কর যে, $PR.QS = PQ.RS + QR.PS.$

➪৭নং প্রশ্নের সমাধান⇦

ক. এখানে, ABC সমবাহু ত্রিভুজের পরিবৃত্তের কেন্দ্র Eএবং ব্যাসার্ধ, $R = AE = BE = 5$ সে.মি.।
আবার, ABC সমবাহু ত্রিভুজে AL রেখা BC বাহুকে এবং BM রেখা AC বাহুকে সমদ্বিখন্ডিত করে।
অতএব, AL এবং BM উভয়েই ABC সমবাহু ত্রিভুজের মধ্যমা।



AL এবং BM মধ্যমাদ্বয়ের E বিন্দুতে ছেদ করায় E হচ্ছে ভরকেন্দ্র।

$\therefore AL = \frac{3}{2}AE$

$= \frac{3}{2} \times 5$ সে.মি.

$= \frac{15}{2}$ সে.মি.= 7.5 সে.মি.

আমরা জানি, কোনো ত্রিভুজের যেকোনো দুই বাহুর অন্তর্গত আয়তক্ষেত্র ঐ ত্রিভুজের পরিবৃত্তের ব্যাস এবং ঐ বাহুদ্বয়ের সাধারণ বিন্দু থেকে ভূমির উপর অঙ্কিত লম্বের অন্তর্গত আয়তক্ষেত্রের সমান।

অতএব, $AB.AC = 2R.AL$

বা, $AB.AB = 2 \times 5 \times 7.5$[$\because$ ABC সমবাহু ত্রিভুজ]

বা, $AB^2 = 75$

বা, $AB = \sqrt{75} = \sqrt{25 \times 3} = 5\sqrt{3}$

$\therefore AB = 8.66$ সে.মি. (প্রায়)

নির্ণেয় ত্রিভুজটির বাহুর দৈর্ঘ্য 8.66 সে.মি. (প্রায়)।

খ. এখানে, O কেন্দ্রবিশিষ্ট $PQRS$ একটি বৃত্ত এবং এই বৃত্তে অন্তর্লিখিত $PQRS$ একটি চতুর্ভুজ ।

প্রমাণ করতে হবে যে, $PQ^2 + QR^2 = 2\,(OQ^2 + OP^2)$



অঙ্কন : PR এর উপর QL লম্ব অঙ্কন করি

প্রমাণ : $\triangle POQ$ এ $OP = OR$ [$\because$ একই বৃত্তের ব্যাসার্ধ]

$\triangle POQ$ এ $\angle POQ$ স্থূলকোণ এবং PO রেখার বর্ধিতাংশের ওপর OQ রেখার লম্ব অভিক্ষেপ $OL.$

স্থূলকোণের ক্ষেত্রে পীথাগোরাসের উপপাদ্যের বিস্তৃতি অনুসারে পাই,

$PQ^2 = OP^2 + OQ^2 + 2.OP.OL$ ....(i)

আবার, QOR এ $\angle QOR$ সূক্ষ্মকোণ এবং OR রেখার

ওপর OQ রেখার লম্ব অভিক্ষেপ OL।
সূক্ষকোণের ক্ষেত্রে পীথাগোরাসের উপপাদ্যের বিস্তৃতি অনুসারে পাই,
$QR^2 = OQ^2 + OR^2 \ + 2.OR.OL$ ....(ii)
এখন, (i) নং ও (ii) নং সমীকরণ যগেগ করে পাই,
$PQ^2 + QR^2 = OP^2 + OQ^2 + 2.OP.OL + OQ^2 + OR^2 - 2.OR.OL$
$= \ 2OQ^2 + OP^2 + OR^2 \ + \ 2.OP.OL - 2.OR.OL$
$= 2OQ^2 + OP^2 + OP^2 \ + \ 2.OP.OL - 2.OP.OL$

$[\because OP = OR]$

$= \ 2OQ^2 + 2OP^2 = \ 2(OQ^2 + OP^2)$
$\therefore PQ^2 + QR^2 = 2(OQ^2 + \ OP^2)$. (প্রমাণিত)

গ. এখানে, O কেন্দ্রবিশিষ্ট $PQRS$ একটি বৃত্ত এবং এই বৃত্তে অন্তর্লিখিত $PQRS$ চতুর্ভুজের PR ও QS দুইটি কর্ণ ।
$PQRS$ চতুর্ভুজেঁর বিপরীত বাহুগুলো যথাক্রমে PQ ও RS এবংQR ও PS।প্রমাণ করতে হবে যে,
$PR.QS = PQ.RS + QR.PS$।



অঙ্কন : $\angle QPR$ কে $\angle SPR$ থেকে ছোট ধরে নিয়ে P বিন্দুতে PS রেখাংশের সাথে $\angle QPR$এর সমান করে $\angle SPT$ আঁকি যেন PT রেখা QS কর্ণকে T বিন্দুতে ছেদ করে।
প্রমাণ : অঙ্কন অনুসারে, $\angle QPR \ = \angle SPT$
বা, $\angle QPR + \angle RPT = \angle SPT + \angle RPT$ [$\angle RPT$ যোগ করে]
$\therefore \angle QPT \ = \ ZRPS$
এখন, $\triangle PQT$ ও $\triangle PRS$ এর মধ্যে

$$\angle QPT \ = \ \angle RPS, \angle PQS = \angle PRS$$

[∵একই বৃত্তাংশস্থিত কোণ সমান]

এবং অবশিষ্ট $\angle PTQ$ =অবশিষ্ট $\angle PSR$
$\therefore \triangle PQT$ ও $\triangle PRS$ সদৃশকোণী।

$$\therefore \frac{QT}{RS} = \frac{PQ}{PR}$$

অর্থাৎ $PR.QT = PQ.RS$ ....(i)
আবার, $\triangle PQR$ ও $\triangle PTS$ এর মধ্যে
$\angle QPR \ = \ \angle SPT$ (অঙ্কন অনুসারে]
$\angle PRQ = \angle PST$ [:: একই বৃত্তাংশস্থিত কোণ সমান]
এবং অবশিষ্ট $\angle PQR$ = অবশিষ্ট $\angle PTS$
$\therefore \triangle PQR$ ও $\triangle PTS$ সদৃশকোণী ।
$\therefore \frac{PS}{PR} = \frac{ST}{QR}$
অর্থাৎ $PR : \ ST \ = \ QR.PS$ ....;...(ii)

(i) ও (ii) যোগ করে পাই,

$PR.QT + PR.ST = PQ.RS + QR.PS$

বা, $PR(QT + ST) = PQ.RS + QR.PS$

$\therefore PR.QS = PQ.RS + QR.PS$ [$\because QT + ST = QS$]

$\because PR.QS = PQ.RS + QR.PS.$ (প্রমাণিত)

৮. ঢাকা বোর্ড ২০১৯

$PQRS$ চতুর্ভুজটি বৃত্তে অন্তর্লিখিত এবং PR ও QS চতুর্ভুজটির দুইটি কর্ণ ।

ক. ABC সমকোণী ত্রিভুজের অতিভুজ $AC = 2$ সে.মি. হলে ত্রিভুজের মধ্যমাসমূহের বর্গের সমষ্টি নির্ণয় কর।

খ. প্রমাণ কর যে, PR ও QS এর অন্তর্গত আয়তক্ষেত্র চতুর্ভুজটির বিপরীত বাহুদ্বয়ের আয়তক্ষেত্রের সমষ্টির সমান।

গ. PR ব্যাস এবং Q হতে PR এর উপর QF লম্ব হলে, প্রমাণ কর যে, $QF^2 = PF.RF.$

⇨৮নং প্রশ্নের সমাধান⇦

ক. এখানে, ABC সমকোণী ত্রিভুজের $AC = 2$ সে.মি.

$\therefore ABC$ সমকোণী ত্রিভুজের মধ্যমাসমুহ বর্গের সমষ্টি

$= \frac{3}{2}AC^2$ বর্গ একক

$= \frac{3}{2} \times 2^2$ বর্গ সে.মি.

$= \frac{3}{2} \times 4$ বর্গ সে.মি.

$= 6$ বর্গ সে,মি.

খ. মনে করি, বৃত্তে অন্তর্লিখিত $PQRS$ চতুর্ভুজের PR ও QS দুইটিকর্ণ।

$PQRS$ চতুভুর্জের বিপরীত বাহুগুপলা যথাক্রমে PQ ও RS এবং QR ও PS ।প্রমাণ করতে হবে যে,

$PR.QS = PQ.RS + QR.PS$



অঙ্কন : $\angle QPR$ কে $\angle SPR$ থেকে ছটেভ ধরে নিয়ে P বিন্দুতে PS রেখাংশের সাথে $\angle QPRG$ এর সমান করে $\angle SPT$ আঁকি যেন PT রেখা QS কর্ণকে T বিন্দুতে ছেদ করে।

প্রমাণ : অঙ্কন অনুসারে, $\angle QPR = \angle SPT$

বা, $\angle QPR + \angle RPT = \angle SPT + \angle RPT$ [$\angle RPT$ যগে করে]

$\therefore \angle QPT = \angle RPS$

এখন, $\triangle PQT$ ও $\triangle PRS$ এর মধ্যে

$$\angle QPT = \angle RPS, \angle PQS = \angle PRS$$

[$\because$একই বৃত্তাংশস্থিত কোণ সমান]

এবং অবশিষ্ট $\angle PTQ =$ অবশিষ্ট $\angle PSR$

$\therefore \triangle PQT$ ও $\triangle PRS$ সদৃশকোণী।

$\therefore \frac{QT}{RS} = \frac{PQ}{PR}$

অর্থাৎ $PR.QT = PQ.RS$...................... (i)

আবার, $\triangle PQR$ ও $\triangle PTS$ এর মধ্যে

$\angle QPR = \angle SPT$ [অঙ্কন অনুসারে]

$\angle PRQ = \angle PST$ [$\because$একই বৃত্তাংশস্থিত কোণ সমান]

এবং অবশিষ্ট $\angle PQR =$ অবশিষ্ট $\angle PTS$

$\therefore \Delta PQR$ ও ΔPTS সদৃশকোণী ।

$\therefore \frac{PS}{PR} = \frac{ST}{QR}$

বা, $PR.ST = QR.PS$......................(ii)

(i) ও (ii) যোগ করে পাই,

$$PR.QT + PR.ST = PQ.RS + QR.PS$$

বা, $PR(QT + ST) = PQ.RS + QR.PS$

$$\therefore PR.QS = PQ.RS + QR.PS \; [\because QT + ST = QS]$$

(প্রমাণিত)

গ. মনে করি, $PQRS$ বৃত্তে PR ব্যাস। Q হতে PR এর উপর QF লম্ব টানি। প্রমাণ করতে হবে যে, $QF^2 = PF.RF$



প্রমানঃ $\angle PQR = 90°$ [অর্ধবৃত্তস্থ কোণ]

বা, $\angle PQF + \angle FQR = 90°$.........$(i)$

আবার, $QF \perp PR$ বলে, $\angle PFQ = \angle QFR = 90°$

ΔPQF-এ $\angle PFQ + \angle PQF + \angle QPF = 180°$

[$\because$ত্রিভুজের তিন কোণের সমষ্টি $180°$]

বা, $90° + \angle PQF + \angle QPF = 180°$

$\therefore \angle PQF + \angle QPF = 90°$...................$(ii)$

(i) ও (ii) হতে পাই,

$$\angle PQF + \angle FQR = \angle PQF + \angle QPF$$

$\therefore \angle FQR = \angle QPF$

ΔPQF এবং ΔQFR-এ,

$\angle PFQ = \angle QFR, \angle QPF = \angle FQR$

এবং অবশিষ্ট $\angle PQF =$ অবশিষ্ট $\angle FRQ$

$\therefore \Delta PQF$ এবং ΔQFR সদৃশকোণী।

$\therefore \frac{PQ}{QR} = \frac{QF}{RF} = \frac{PF}{QF}$

অর্থাৎ, $\frac{QF}{RF} = \frac{PF}{QF}$

$\therefore QF^2 = PF.RF.$ (প্রমাণিত)

৯. রাজশাহী বোর্ড ২০১৯

নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাওঃ



চিত্র OS, MS, MO এবং NS এর মধ্যবিন্দু যথাক্রমে P, Q, R, O

ক. $PE = 3$ সে.মি. হলে PM এর দৈর্ঘ্য নির্ণয় কর।

খ. প্রমাণ কর যে, $MO^2 + NO^2 = \frac{1}{2}(MN^2 + MS^2)$

গ. ΔMOS হতে প্রমাণ কর যে, $3(ME^2 + OE^2 + SE^2) = MO^2 + MS^2 + SO^2$.

⇨৯নং প্রশ্নের সমাধান⇦

ক. এখানে, $PE = 3$ সে.মি. ΔMOS এর ভরকেন্দ্র E।

যেহেতু ত্রিভুজের ভরকেন্দ্র মধ্যমাত্রয়কে $2:1$ অনুপাতে বিভক্ত করে।



সেহেতু

$\frac{ME}{PE} = \frac{2}{1}$

বা, $\frac{ME+PE}{PE} = \frac{2+1}{1}$ [যোজন করে]

বা, $\frac{PM}{PE} = 3$

বা, $\frac{PM}{3} = 3$

$\therefore PM = 9$সে.মি.

খ. এখানে, ΔMNS এর NS এর মধ্যবিন্দু O হওয়ায় MO একটি মধ্যমা। প্রমাণ করতে হবে যে,

$$MO^2 + NO^2 = \frac{1}{2}(MN^2 + MS^2)$$



অঙ্কন : M বিন্দু হতে NS এর উপর ML লম্ব আঁকি

প্রমাণ : ΔMNO এর $\angle MON$ স্থূলকোণ এবং MO এর লম্ব অভিক্ষেপ OL.

$\therefore$স্থূলকোণের ক্ষেত্রে পিথাগোরাসের উপপাদ্যের বিস্তৃতি অনুসারে পাই,

$MN^2 = MO^2 + NO^2 + 2\, NO.OL$ ....(i)

আবার, ΔMOS এর $\angle MOS$ সূক্ষ্মকোণ এবং MO এর লম্ব অভিক্ষেপ OL.

∴সূক্ষকোণের ক্ষেত্রে পিথাগোরাসের উপাদ্যের বিস্তৃতি অনুসারে পাই,

$MS^2 = MO^2 + OS^2 - 2OS.OL$...............$(ii)$

(i) ও (ii) নং যোগ করে পাই,

$$MN^2 + MS^2 = MO^2 + NO^2 + 2NO.OL + MO^2 + OS^2 - 2OS.OL$$
$$= 2MO^2 + NO^2 + 2NO.OL + NO^2 - 2NO.OL$$

$[\because OS = NO]$

বা, $MN^2 + MS^2 = 2MO^2 + 2NO^2$

বা, $2(MO^2 + NO^2) = MN^2 + MS^2$

$\therefore MO^2 + NO^2 = \frac{1}{2}(MN^2 + MS^2)$ (প্রমাণিত)

গ. মনে করি, ΔMOS এর SO, MS ও MO বাহুর দৈর্ঘ্য যথাক্রমে a, b ও c এবং মধ্যমাত্রয় $MP = d, OQ = e$ ও $SR = f$ পরস্পর E বিন্দুতে মিলিত হয়েছে। প্রমাণ করতে হবে যে,

$$3(ME^2 + OE^2 + SE^2) = MO^2 + MS^2 + SO^2$$

প্রমাণ : ΔMOS এর MP একটি মধ্যমা



$\therefore MO^2 + MS^2 = 2(MP^2 + OP^2)$

(এ্যাপোলোনিয়াসের উপপাদ্য অনুসারে)

বা, $c^2 + b^2 = 2\{d^2 + \left(\frac{1}{2}a\right)^2\}$

বা, $c^2 + b^2 = 2(d^2 + \frac{1}{4}a^2)$

বা, $c^2 + b^2 = 2d^2 + \frac{1}{2}a^2$

বা, $2(c^2 + b^2) = 4d^2 + a^2$

বা, $4d^2 = 2(c^2 + b^2) - a^2$

বা, $d^2 = \frac{2(c^2+b^2)-a^2}{4}$ ....(i)

অনুরূপভাবে, $e^2 = \frac{2(c^2+a^2)-b^2}{4}$.............$(ii)$

এবং, $f^2 = \frac{2(a^2+b^2)-c^2}{4}$..............$(iii)$

$(i), (ii)$ও(iii) নং যোগ করে পাই,

$d^2 + e^2 + f^2 = \frac{2(c^2 + b^2) - a^2}{4} + \frac{2(c^2 + a^2) - b^2}{4} + \frac{2(a^2 + b^2) - c^2}{4}$

বা, $4(d^2 + e^2 + f^2) = 2c^2 + 2b^2 - a^2 + 2c^2 + 2a^2 - b^2 + 2a^2 + 2b^2 - c^2$

বা, $4(d^2 + e^2 + f^2) = 3(a^2 + b^2 + c^2)$

বা, $3(SO^2 + MS^2 + MO^2) = 4(MP^2 + OQ^2 + SR^2)$

বা, $MO^2+MS^2+SO^2 = \frac{4}{3}(MP^2+OQ^2+SR^2)$

$= \frac{4}{3} \times \frac{9}{4}\{\left(\frac{2MP}{3}\right)^2 + \left(\frac{2OQ}{3}\right)^2 + \left(\frac{2SR}{3}\right)^2\}$

$= 3\{\left(\frac{2MP}{3}\right)^2 + \left(\frac{2OQ}{3}\right)^2 + \left(\frac{2SR}{3}\right)^2\}$............$(iv)$

ΔMOS এর ভরকেন্দ্র E মধ্যমাত্রয়কে $2:1$ অনুপাতে বিভক্ত করে।

$\therefore \frac{EM}{EP} = \frac{2}{1}$

বা, $\frac{EP}{EM} = \frac{1}{2}$

বা, $\frac{EP+EM}{EM} = \frac{1+2}{2}$ [যোজন করে]

বা, $\frac{MP}{ME} = \frac{3}{2}$ [$\because EP+EM = MP$]

$\therefore ME = \frac{2MP}{3},$

একইভাবে $OE = \frac{2OQ}{3}, SE = \frac{2SR}{3}$

(iv) নং হতে পাই,

$$MO^2+MS^2+SO^2 = 3(ME^2+OE^2+SE^2)$$
$$\therefore 3(ME^2+OE^2+SE^2) = MO^2+MS^2+SO^2$$

(প্রমাণিত)

১০. যশোর বোর্ড ২০১৯

ΔPQR-এ PE, QF ও RG মধ্যমা তিনটি M বিন্দু দিয়ে অতিক্রম করে।



ক. এমন একটি বৃত্ত অঙ্কন কর যা দুইটি নির্দিষ্ট বিন্দু দিয়ে যায় এবং যার কেন্দ্র একটি সরলরেখার উপর অবস্থিত।

খ. চিত্র হতে, এ্যাপলোনিয়াসের উপপাদ্যটি প্রমাণ কর।

গ. যদি $\angle PQR$ সমকোণ হয়, তবে প্রমাণ কর যে,
$2(PE^2+QF^2+RG^2) = 3PR^2.$

⇨১০নং প্রশ্নের সমাধান⇦

ক. মনে করি A ও B দুইটি নির্দিষ্ট বিন্দু এবং PQ একটি নির্দিষ্ট সরলরেখা।



এমন একটি বৃত্ত অঙ্কন করা হলো যা A ও B বিন্দু দিয়ে যায় এবং যার কেন্দ্র PQ সরলরেখার উপর অবস্থিত।

খ. মনে করি, ΔPQR এর PE মধ্যমা QR বাহুকে সমদ্বিখন্ডিত করেছে। প্রমাণ করতে হবে যে, $PQ^2 + PR^2 = 2\,(PE^2 + QE^2)$.



অঙ্কন : QR বাহুর উপর PD লম্ব অঙ্কন করি।

প্রমাণ : ΔPER এর $\angle PER$ স্থূলকোণ এবং RE রেখার উপর PE এর লম্ব অভিক্ষেপ DE ।

$\therefore$স্থূলকোণের ক্ষেত্রে পিথাগোরাসের উপপাদ্যের বিস্তৃতি অনুসারে পাই,

$$PR^2 = PE^2 + RE^2 + 2RE\,.DE\,...............(i)$$

আবার, ΔPQE এর $\angle PEQ$ সূক্ষ্মকোণ এবং QE রেখার উপর PE এর লম্ব অভিক্ষেপ DE।

$\therefore$সূক্ষ্মকোণের ক্ষেত্রে পিথাগোরাসের উপপাদ্যের বিস্তৃতি অনুসারে পাই,

$$PQ^2 \;=\; PE^2 + QE^2 - 2QE.DE\,............(ii)$$

এখন, (i) ও (ii) নং যোগ করে পাই,

$$PR^2 + PQ^2 = PE^2 + RE^2 + 2RE.DE + PE^2 + QE^2 - 2QE.DE$$
$$= 2PE^2 + QE^2 + 2QE.DE + QE^2 - 2QE.DE$$
$$[\because QE \;=\; RE]$$

$= \; 2PE^2 + 2QE^2$

$\therefore PQ^2 + PR^2 = 2(PE^2 + QE^2)$. (প্রমাণিত)

গ. মনে করি, ΔPQR-এ PE, QF ও RG মধ্যমা তিনটি পরস্পর M বিন্দু দিয়ে অতিক্রম করেছে এবং $\angle PQR =$ এক সমকোণ। প্রমাণ করতে হবে যে,

$2(PE^2 + QF^2 + RG^2) = 3PR^2$.



প্রমাণ : মনে করি, $QR = a, PR = b, PQ = c$

এবং $PE = d, QF = e, RG = f$.

ΔPQR এর PE একটি মধ্যমা

$$\therefore PR^2 + PQ^2 = 2\,(PE^2 + QE^2)$$

[এ্যাপোলোনিয়াসের উপপাদ্য অনুসারে]

বা, $b^2+c^2=2\{d^2+\left(\frac{1}{2}a\right)^2\}$ $[\because QE=\frac{1}{2}QR=\frac{1}{2}a]$

বা, $2d^2+2\times\frac{1}{4}a^2=2d^2+\frac{1}{2}a^2$

বা, $2(b^2+c^2)=4d^2+a^2$

বা, $4d^2=2(b^2+c^2)-a^2$

বা, $d^2=\frac{2(b^2+c^2)-a^2}{4}$ ....(i)

অনুরূপভাবে, $e^2=\frac{2(c^2+a^2)-b^2}{4}$.............$(ii)$

এবং, $f^2=\frac{2(a^2+b^2)-c^2}{4}$..............$(iii)$

$(i),(ii)$ও(iii) নং যোগ করে পাই,

$d^2+e^2+f^2=\frac{2(c^2+b^2)-a^2}{4}+\frac{2(c^2+a^2)-b^2}{4}+\frac{2(a^2+b^2)-c^2}{4}$

বা, $4(d^2+e^2+f^2)=2c^2+2b^2-a^2+2c^2+2a^2-\quad b^2+2a^2+2b^2-c^2$

বা, $4(d^2+e^2+f^2)=3(a^2+b^2+c^2)$

বা, $4(PE^2+QF^2+RG^2)=3(PR^2+PQ^2+QR^2)$ .....(iv)

আবার, যেহেতু $\angle PQR=$ এক সমকোণ এবং অতিভুজ $=PR$

$\therefore PR^2=PQ^2+QR^2$..........$(v)$

এখন, (iv) ও (v) নং হতে পাই,

$$4(PE^2+QF^2+RG^2)=3(PR^2+PR^2)$$

বা, $4(PE^2+QF^2+RG^2)=3\times 2PR^2$

বা, $4(PE^2+QF^2+RG^2)=6PR^2$

$\therefore 2(PE^2+QF^2+RG^2)=3PR^2$ (প্রমাণিত)

১১. চট্টগ্রাম বোর্ড ২০১৯



ক. $\varDelta OPR$ এর মধ্যমাত্রয়ের দৈর্ঘ্য যথাক্রমে $3\ cm, 4\ cm,$ $5\ cm$ হলে অতিভুজ OR এর দৈর্ঘ্য নির্ণয় কর।

খ. প্রমাণ কর যে, $PR^2=PO^2+OR^2-2OR.OQ.$

গ. প্রমাণ কর যে, $PQ^2=OQ.QR.$

⇨১১নং প্রশ্নের সমাধান⇦

ক. দেওয়া আছে, $\varDelta POR$ এ $\angle OPR=90°$ এবং অতিভুজ$=OR$

ধরি, $\varDelta OPR$ এর মধ্যমাত্রয়ের যথাক্রমে $d=3\ cm, e=4\ cm, f=5\ cm$ এবং অতিভুজ $OR=c$ সে.মি.

$\therefore 2\,(d^2+e^2+f^2)=3c^2$

[∵সমকোণী ত্রিভুজের মধ্যমায়ের উপর অঙ্কিত বর্গক্ষেত্রসমূহের ক্ষেত্রফলের সমষ্টির দ্বিগুণ অতিভুজের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের তিনগুণের সমান]

বা, $c^2 = \frac{2}{3}(d^2 + e^2 + f^2)$

বা, $c^2 = \frac{2}{3}(3^2 + 4^2 + 5^2)$

$= \frac{2}{3}(9 + 16 + 25) = \frac{100}{3}$

বা, $c = \sqrt{\frac{100}{3}} = \frac{10}{\sqrt{3}} = 5.77$(প্রায়)

∴অতিভুজ OR এর দৈর্ঘ্য 5.77 সে.মি.।

খ. এখানে, $\varDelta OPR$-এ $\angle OPR = 90°$ এবং $\angle POR$ সূক্ষকোণ এবং সূক্ষকোণের বিপরীত বাহু PR, অপর দুই বাহু PO ও OR। OR এর উপর OP এর লম্ব অভিক্ষেপ OQ।প্রমাণ করতে হবে যে, $PR^2 = PO^2 + OR^2 - 2OR.OQ$



প্রমাণ : $\varDelta PQR$-এ $\angle PQR = 1$ সমকোণ

$\therefore PR^2 = PQ^2 + QR^2$ (পিথাগোরাসের উপপাদ্য অনুসারে)

বা, $PR^2 = PQ^2 + (OR - OQ)^2$ [$\because QR = OR - OQ$]

বা, $PR^2 = PQ^2 + OR^2 + OQ^2 - 2OR.OQ.......(i)$

আবার, $\varDelta PQO$-এ $\angle PQO = 1$ সমকোণ

$OP^2 = PQ^2 + OQ^2$ [পিথাগোরাসের উপপাদ্য অনুসারে]

বা, $PQ^2 = OP^2 - OQ^2.............(ii)$

এখন, (i) ও (ii) নং হতে পাই,

$$PR^2 = OP^2 - OQ^2 + OR^2 + OQ^2 - 2OR.OQ$$

$\therefore PR^2 = PO^2 + OR^2 - 2OR.OQ$ (প্রমাণিত)

গ. এখানে, $\varDelta POR$-এ $\angle OPR = 90°$ এবং $PQ \perp OR$।প্রমাণ করতে হবে যে, $PQ^2 = OQ.QR$



প্রমাণ : $\angle OPR = 90°$

$\angle OPQ + \angle QPR = 90° .....(i)$

আবার, $PQ \perp OR$ বলে, $\angle PQO = \angle PQR = 90°$

$\varDelta OPQ$ এ $\angle PQO + \angle OPQ + \angle POQ = 180°$

[∵ত্রিভুজের তিন কোণের সমষ্টি 180°]

বা, $90° + \angle OPQ + \angle POQ = 180$ [$\because \angle PQO = 90°$]

বা, $\angle OPQ + \angle POQ = 90°$...................... (ii)

(i) ও (ii) নং হতে পাই,

$$\angle OPQ + \angle QPR = \angle OPQ + \angle POQ$$

$\therefore \angle QPR = \angle POQ$

$\varDelta POQ$ও $\varDelta PRQ$ - এ

$\angle PQO = \angle PQR, \angle POQ = \angle QPR$
অবশিষ্ট $\angle OPQ$= অবশিষ্ট $\angle PRQ.$
$\therefore \varDelta POQ$ ও $\varDelta PRQ$ সদৃশ
$\therefore \frac{OP}{PR} = \frac{PQ}{QR} = \frac{OQ}{PQ}$
অর্থাৎ, $\frac{PQ}{QR} = \frac{OQ}{PQ}$ $PQ^2 = OQ.QR$ (প্রমাণিত)

১২. সিলেট বোর্ড ২০১৯

$\varDelta PQR$ এর Q এবং P বিন্দু হতে PR ও QR এর উপর লম্ব QM ও PN এর ছেদবিন্দু S। পরিকেন্দ্র T ও S এর সংযোগকারী রেখা PL মধ্যমাকে O বিন্দুতে ছেদ করে।
ক. দেখাও যে, $A\ (1,2), B\ (4,3)$ এবং $C\ (7,4)$বিন্দু তিনটি সমরেখ।
খ. দেখাও যে, ত্রিভুজটির ভরকেন্দ্র $O.$
গ. $PL \perp QR$ হলে প্রমাণ কর যে, $QS.SM = RS.SN = PS.SL$

⇨১২নং প্রশ্নের সমাধান⇦

ক. এখানে, প্রদত্ত বিন্দুত্রয় যথাক্রমে $A\ (1,2), B\ (4,3)$ এবং $C\ (7,4)$
A, B, C বিন্দু তিনটি সমরেখ হবে যদি AB ও BC রেখার ঢাল পরস্পর সমান হয়।
এখন, AB রেখার ঢাল, $m_1 = \frac{y_2 - y_1}{x_2 - x_1} = \frac{3-2}{4-1} = \frac{1}{3}$
BC রেখার ঢাল, $m_2 = \frac{y_2 - y_1}{x_2 - x_1} = \frac{4-3}{7-4} = \frac{1}{3}$
যেহেতু $m_1 = m_2$
$\therefore A, B, C$ বিন্দু তিনটি সমরেখ। (দেখানো হলো)

খ. এখানে, $\varDelta PQR$ এর Q এবং P বিন্দু হতে PR ও QR এর উপর লম্ব QM ও PN এর ছেদবিন্দু S। পরিকেন্দ্র T ও S এর সংযোগকারী রেখা PL মধ্যমাকে O বিন্দুতে ছেদ করে। T, L যোগ করি। প্রমাণ করতে হবে যে, $\varDelta PQR$ এর ভরকেন্দ্র O।



প্রমাণ :$\varDelta PQR$ এর লম্ববিন্দু S থেকে শীর্ষের দূরত্ব SP এবং পরিকেন্দ্র T থেকে P শীর্ষের বিপরীতবাহু QR এর দূরত্ব TL।
$\therefore SP = 2TL$ ....(i)
[$\because$ ত্রিভুজের লম্ববিন্দু থেকে শীর্ষের দূরত্ব ত্রিভুজের পরিকে থেকে ঐ শীর্ষের বিপরীত বাহুর লম্বদূরত্বের দ্বিগুণ]
যেহেতু PN ও TL উভয় QR এর ওপর লম্ব সেহেতু $PN \parallel TL.$
এখন, $PN \parallel TL$ এবং PL এদের ছেদক।
$\therefore \angle LPN = \angle PLT$ [একান্তর কোণ]
অর্থাৎ $\angle SPO = \angle TLO$
এখন, $\varDelta POS$ ও $\varDelta LOT$ এর মধ্যে
$\angle POS = \angle LOT$ [বিপ্রতীপ কোণ]
$\angle SPO = \angle TLO$ [একান্তর কোণ]
এবং অবশিষ্ট $\angle PSO =$ অবশিষ্ট $\angle LTO$

$\therefore \angle POS$ ও $\angle LOT$ সদৃশকোণী ।

$\therefore \dfrac{PO}{OL} = \dfrac{SP}{TL}$

বা, $\frac{PO}{OL} = \frac{2TL}{TL}$ $[\because SP = 2TL]$

বা, $\frac{PO}{OL} = \frac{2}{1}$

$\therefore PO : OL = 2 : 1$

অর্থাৎ 0 বিন্দু PL মধ্যমাকে $2:1$ অনুপাতে বিভক্ত করেছে।

$\therefore \varDelta PQR$ এর ভরকেন্দ্র $O.$ (দেখানো হলো)

গ. এখানে, $\varDelta PQR$ এর $PL \perp QR, QM \perp PR$ এবং $RN \perp PQ$ অর্থাৎ PL, QM ও RN লম্বত্রয় পরস্পর S বিন্দুতে ছেদ করেছে। প্রমাণ করতে হবে যে,

$QS.SM = RS.SN = PS.SL$ ।



প্রমাণ : $\varDelta QSN$ ও $\varDelta RSM$-এ

$\angle SNQ = \angle SMR = 90°$ $[\because RN \perp PQ, QM \perp PR]$

$\angle QSN = \angle RSM$ (বিপ্রতীপ কোণ)

এবং অবশিষ্ট $\angle SQN$ = অবশিষ্ট $\angle SRM$

$\therefore \varDelta QSN$ ও $\varDelta RSM$ সদৃশকোণী ।

$\therefore \dfrac{QS}{RS} = \dfrac{SN}{SM}$

বা, $OS.SM = RS.SN$..............(i)

আবার, $\varDelta QSL$ ও $\varDelta PSM$-এ

$\angle SLQ = \angle SMP = 90°$ $[\because PL \perp QR, QM \perp PR]$

$\angle QSL = \angle PSM$ (বিপ্রতীপ কোণ)

অবশিষ্ট $\angle SQL$ = অবশিষ্ট $\angle SPM$

$\therefore \varDelta QSL$ ও $\varDelta PSM$ সদৃশকোণী।

$\therefore \dfrac{QS}{PS} = \dfrac{SL}{SM}$

$\therefore QS.SM = PS.SL$................(ii)

এখন, (i) ও (ii) হতে পাই,

$QS.SM = RS.SN = PS.SL.$ (প্রমাণিত)

১৩. বরিশাল বোর্ড ২০১৯



চিত্রে BD কর্ণের মধ্যবিন্দু M এবং $AP \perp BD.$

ক, দেখাও যে, $AM^2 - AD^2 = PM^2 - PD^2.$

খ, দেখাও যে, $AB^2 + AD^2 = 2(BM^2 + AM^2).$

গ. প্রমাণ কর যে, $AC.BD = AB.CD + BC.AD.$

➪১৩নং প্রশ্নের সমাধান⇦

ক. এখানে, ΔAPM-এ $\angle APM = 90°$ এবং অতিভুজ AM

$$\therefore AM^2 = AP^2 + PM^2 \ldots\ldots(i)$$

[পিথাগোরাসের উপপাদ্য অনুসারে]



আবার, ΔAPD-এ $\angle APD = 90°$ এবং অতিভুজ AD

$$\therefore AD^2 = AP^2 + PD^2 \ldots\ldots(ii)$$

(i) নং হতে (i) নং বিয়োগ করে পাই,

$AM^2 - AD^2 = (AP^2 + PM^2) - (AP^2 + PD^2)$

$$= AP^2 + PM^2 - AP^2 - PD^2$$

$\therefore AM^2 - AD^2 = PM^2 - PD^2.$ (দেখানো হল)

খ. এখানে, ΔABD এর M, BD এর মধ্যবিন্দু এবং AM মধ্যমা BD কে সমদ্বিখণ্ডিত করেছে। $AP \perp BD.$

প্রমাণ করতে হবে যে, $AB^2 + AD^2 = 2(BM^2 + AM^2)$



প্রমাণ : ΔABM এর $\angle AMB$স্থূলকোণ এবংAMএর অভিক্ষেপ PM

$\therefore$স্থূলকোণের ক্ষেত্রে পিথাগোরাসের উপপাদ্যের বিস্তৃতি অনুসারে পাই,

$AB^2 = AM^2 + BM^2 + 2BM.PM$.............$(i)$

আবার, ΔAMD এর $\angle AMD$ সূক্ষকোণ এবং AM এর লম্ব অভিক্ষেপ $PM.$

$\therefore$সূক্ষকোণের ক্ষেত্রে পিথাগোরাসের উপপাদ্যের বিস্তৃতি অনুসারে পাই,

$AD^2 = AM^2 + DM^2 - 2DM.PM$...............$(ii)$

(i) ও (ii) নং যোগ করে পাই,

$$AB^2 + AD^2 = AM^2 + BM^2 + 2BM.PM + AM^2 + DM^2 - 2DM.PM$$

বা, $AB^2 + AD^2 = 2AM^2 + BM^2 + 2BM.PM + BM^2 - 2BM.PM$ [$\therefore BM = DM$]

$$= 2AM^2 + 2BM^2 = 2(BM^2 + AM^2)$$

$\therefore AB^2 + AD^2 = 2(BM^2 + AM^2)$. (দেখানো হলো)

গ. মনে করি, O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে অন্তর্লিখিত $ABCD$ চতুর্ভুজের বিপরীত বাহুগুলো যথাক্রমে AB ও CD এবং BC ও AD। AC ও BD চতুর্ভুজটির দুইটি কর্ণ। প্রমাণ করতে হবে যে,

$$AC.BD = AB.CD + BC.AD$$



অঙ্কন : $\angle BAC$ কে $\angle DAC$ থেকে ছোট ধরে নিয়ে A বিন্দুতে AD রেখার সাথে $\angle BAC$ এর সমান করে $\angle DAP$ আঁকি যেন AP রেখা BD কর্ণকে P বিন্দুতে ছেদ করে ।

প্রমাণ : অঙ্কন অনুসারে, $\angle BAC = \angle DAP$

বা, $\angle BAC + \angle CAP = \angle DAP + \angle CAP$

[উভয়পক্ষে $\angle CAP$ যোগ করে]

বা, $\angle BAP = \angle CAD$

এখন, ΔABP ও ΔACD এর মধ্যে

$\angle BAP = \angle CAD$ এবং $\angle ABD = \angle ACD$

[একই বৃত্তাংশস্থিত কোণ সমান বলে]

এবং অবশিষ্ট $\angle APB =$ অবশিষ্ট $\angle ADC$

$\therefore \Delta ABP$ ও ΔACD সদৃশকোণী

$\therefore \dfrac{BP}{CD} = \dfrac{AB}{AC}$

$\therefore AC.BP = AB.CD$....................(i)

আবার, ΔABC ও ΔAPD এর মধ্যে,

$\angle BAC = \angle PAD$ (অঙ্কন অনুসারে]

$\angle ACB = \angle ADP$ [একই বৃত্তাংশস্থিত কোণ সমান বলে]

এবং অবশিষ্ট $\angle ABC =$ অবশিষ্ট $\angle APD$

$\therefore \Delta ABC$ ও ΔAPD সদৃশকোণী

$\therefore \dfrac{AD}{AC} = \dfrac{PD}{BC}$

বা, $AC.PD = BC.AD$.................(ii)

সমীকরণ (i) ও (ii) যোগ করে পাই,

$AC.BP + AC.PD = AB.CD + BC.AD$

বা, $AC(BP + PD) = AB.CD + BC.AD$

বা, $AC.BD = AB.CD + BC.AD$ [$\because BP + PD = BD$]

(প্রমাণিত)

📖 ১৪. দিনাজপুর বোর্ড ২০১৯



চিত্রে, $\varDelta PQR$ এর পরিকেন্দ্র S, লম্ববিন্দুM এবং PDএকটি মধ্যমা।

ক. এমন একটি বৃত্ত অঙ্কন কর যা PQR বৃত্তকে R বিন্দুতে স্পর্শ করে এবং বৃত্তটির বহিঃস্থ কোনো নির্দিষ্ট বিন্দু দিয়ে যায়।

খ. প্রমাণ কর যে, G, $\varDelta PQR$ এর ভরকেন্দ্র।

গ. $\varDelta PQR$ এর অপর মধ্যমাদ্বয় QE এবং RF হলে, প্রমাণ কর যে, $3(PQ^2 + QR^2 + PR^2) = 4(PD^2 + QE^2 + RF^2)$

⇨১৪নং প্রশ্নের সমাধান⇦

ক. দেওয়া আছে, PQR বৃত্তের উপরস্থ একটি নির্দিষ্ট বিন্দু R এবং N ঐ বৃত্তের বহিঃস্থ একটি নির্দিষ্ট বিন্দু। এমন একটি বৃত্ত অঙ্কন করা হলো যাPQR বৃত্তকে Rবিন্দুতে স্পর্শ করে এবং বহিঃস্থ Nবিন্দু দিয়ে যায়।



খ. এখানে, $\varDelta PQR$ এর পরিকেন্দ্র S, লম্ববিন্দু M এবং PD একটি মধ্যমা। S, D যোগ করি। ফলে SD রেখা QR এর উপর লম্ব ।প্রমাণ করতে হবে যে, G, $\varDelta PQR$ এর ভরকেন্দ্র।



প্রমাণ : $\varDelta PQR$ এর লম্ববিন্দু M থেকে P শীর্ষের দূরত্ব MP এবং পরিকেন্দ্র S থেকে P শীর্ষের বিপরীত বাহু QR এর দূরত্ব SD। $\therefore MP = 2SD$ [কোনো ত্রিভুজের লম্ববিন্দু থেকে শীর্ষের দূরত্ব ত্রিভুজের পরিকেন্দ্র থেকে ঐ শীর্ষের বিপরীত বাহুর লম্বদূরত্বের দ্বিগুণ]

এখন যেহেতু PO ও SD উভয়ই QR এর ওপর লম্ব।

সেহেতু $PO \parallel SD.$

এখন, $PO \parallel SD$ এবং PD এদের ছেদক।

$\therefore \angle DPO = \angle PDS$ [একান্তর কোণ)

অর্থাৎ, $\angle MPG = \angle SDG$

এখন, $\varDelta PGM$ ও $\varDelta DGS$ এর মধ্যে

$\angle PGM = \angle DGS$ [বিপ্রতীপ কোণ]

$\angle MPG = \angle SDG$ [একান্তর কোণ]

এবং অবশিষ্ট $\angle PMG = \angle DSG$

$\therefore \varDelta PGM$ ও $\varDelta DGS$ সদৃশকোণী।

$\therefore \dfrac{PG}{GD} = \dfrac{MP}{SD}$

বা, $\frac{PG}{GD} = \frac{2SD}{SD}$ $[\because MP = 2SD]$

বা, $\frac{PG}{GD} = \frac{2}{1}$

$\therefore PG : GD = 2:1$

অর্থাৎ, G বিন্দু PD মধ্যমাকে $2:1$ অনুপাতে বিভক্ত করেছে।

$\therefore G, \varDelta PQR$ এর ভরকেন্দ্র। (প্রমাণিত)

গ. মনে করি, $\varDelta PQR$ এর বাহুত্রয় $PQ = c, QR = a$ ও $PR = b$ এবং মধ্যমাত্রয় $PD = d, QE = e$ ও $RF = f$.
প্রমাণ করতে হবে যে,

$$3(PQ^2 + QR^2 + PR^2) = 4(PD^2 + QE^2 + RF^2)$$



প্রমাণ : $\varDelta PQR$ এর PD একটি মধ্যমা।

$\therefore$এ্যাপোলোনিয়াসের উপপাদ্য অনুসারে পাই,

$$PQ^2 + PR^2 = 2\,(PD^2 + QD^2)$$

বা, $c^2 + b^2 = 2\{d^2 + \left(\frac{1}{2}a\right)^2\}$ $[\because QD = \frac{1}{2}QR = \frac{1}{2}a]$

$$= 2d^2 + 2 \times \frac{1}{4}a^2$$

$$= 2d^2 + \frac{1}{2}a^2 = \frac{4d^2 + a^2}{2}$$

বা, $2(b^2 + c^2) = 4d^2 + a^2$

বা, $4d^2 = 2(b^2 + c^2) - a^2$ ....(i)

অনুরূপভাবে, $4e^2 = 2(c^2 + a^2) - b^2$.............$(ii)$

এবং, $4f^2 = 2(a^2 + b^2) - c^2$..............$(iii)$

$(i), (ii)$ও(iii) নং যোগ করে পাই,

$4d^2 + 4e^2 + 4f^2 = 2(c^2 + b^2) - a^2 + 2(c^2 + a^2) - b^2 + 2(a^2 + b^2) - c^2$

বা, $4(d^2 + e^2 + f^2) = 2c^2 + 2b^2 - a^2 + 2c^2 + 2a^2 - b^2 + 2a^2 + 2b^2 - c^2$

বা, $4(d^2 + e^2 + f^2) = 3(a^2 + b^2 + c^2)$

বা, $3(QR^2 + PR^2 + PQ^2) = 4(PD^2 + QE^2 + RF^2)$

বা, $3(PQ^2 + QR^2 + PR^2) = 4(PD^2 + QE^2 + RF^2)$

(প্রমাণিত)

১৫. সকল বোর্ড ২০১৮

ABC ত্রিভুজের পরিকেন্দ্র, ভরকেন্দ্র ও লম্ববিন্দু যথাক্রমে S, G ও O

ক. চিত্রসহ বিন্দুর লম্ব অভিক্ষেপের সংজ্ঞা দাও।

খ. প্রমাণ কর যে, S, G ও O বিন্দু তিনটি সমরেখ ।

গ. উদ্দীপকের ত্রিভুজটির মধ্যমা তিনটির দৈর্ঘ্য যথাক্রমে AD, BE ও CF হলে, প্রমাণ কর যে,

$$3(AB^2+BC^2+CA^2)=4(AD^2+BE^2+CF^2)$$

⇨১৫নং প্রশ্নের সমাধান⇦

ক. বিন্দুর লম্ব অভিক্ষেপ: কোনো নির্দিষ্ট সরলরেখার ওপর কোনো বিন্দুর লম্ব অভিক্ষেপ বলতে সেই বিন্দু থেকে উক্ত নির্দিষ্ট রেখার ওপর অঙ্কিত লম্বের পাদবিন্দুকে বুঝায়।



মনে করি, XY একটি নির্দিষ্ট সরলরেখা এবং P যেকোনো বিন্দু। P বিন্দু থেকে XY রেখার ওপর অঙ্কিত লম্ব PP' এবং এই লম্বের পাদবিন্দু P'। সুতরাং P' বিন্দু XY রেখার ওপর P বিন্দুর লম্ব অভিক্ষেপ।

খ. $\triangle ABC$ এর লম্ব বিন্দু O, পরিকেন্দ্র S এবং ভরকেন্দ্র G। প্রমাণ করতে হবে যে, S, G এবংO বিন্দু তিনটি সমরেখ।



প্রমাণ : G বিন্দু ভরকেন্দ্র না হলে ধরে নিই, G বিন্দু AP মধ্যমার ওপর অন্য একটি বিন্দু। $\triangle ABC$ এর লম্ব বিন্দু O থেকে A শীর্ষের দূরত্ব OA এবং পরিকেন্দ্র S থেকে A শীর্ষের বিপরীত বাহু BC এর দূরত্ব SP

$\therefore OA = 2SP$..................(i)

এখন, যেহেতু AD ও SP উভয়ই BC এর ওপর লম্ব,

সেহেতু $AD \parallel SP$.

এখন $AD \parallel SP$ এবং AP এদের ছেদক।

$\therefore \angle PAD = \angle APS$ [একান্তর কোণ]

অর্থাৎ $\angle OAG = \angle SPG$

এখন, $\triangle AGO$ এবং $\triangle PGS$ এর মধ্যে

$\angle AGO = \angle PGS$ [বিপ্রতীপ কোণ)

$\angle OAG = \angle SPG$ [একান্তর কোণ)

$\therefore$অবশিষ্ট $\angle AOG =$ অবশিষ্ট $\angle PSG$

$\therefore \triangle AGO$ এবং $\triangle PGS$ সদৃশকোণী ।

$\therefore \dfrac{AG}{GP} = \dfrac{OA}{SP}$

বা, $\frac{AG}{GP} = \frac{2SP}{SP}$ [(i)নং হতে]

বা, $\frac{AG}{GP} = \frac{2}{1}$

$\therefore AG : GP = 2:1$ অর্থাৎ G বিন্দু AP মধ্যমাকে $2:1$ অনুপাতে বিভক্ত করেছে।

$\therefore G$ বিন্দু $\varDelta ABC$ এর ভরকেন্দ্র। সুতরাং S, G এবং O বিন্দু তিনটি সমরেখ। (প্রমাণিত)

গ. এখানে, $\varDelta ABC$ এর BC, CA ও AB বাহুর ওপর মধ্যমা যথাক্রমে AD, BE ও CF। প্রমাণ করতে হবে যে,

$$3(AB^2 + BC^2 + CA^2) = 4(AD^2 + BE^2 + CF^2)$$



প্রমাণ: $\varDelta ABC$এর মধ্যমা AD হলে,

$AB^2 + CA^2 = 2(AD^2 + BD^2)$...........$(i)$

$\varDelta ABC$এর মধ্যমা AD হলে,

$AB^2 + BC^2 = 2(AE^2 + BE^2)$............$(ii)$

$\varDelta ABC$এর মধ্যমা AD হলে,

$BC^2 + CA^2 = 2(CF^2 + AF^2)$.............$(iii)$

$(i), (ii)$এবং (iii) যোগ করে পাই,

$$2(AB^2 + CA^2 + BC^2) = 2AD^2 + 2BD^2 + 2AE^2$$
$$+2BE^2 + 2CF^2 + 2AF^2$$

বা, $4(AB^2 + CA^2 + BC^2) = 4AD^2 + 4BD^2 + \quad 4AE^2 4BE^2 + 4CF^2 + 4AF^2$

বা, $4(AB^2 + CA^2 + BC^2) = 4AD^2 + 4.\frac{1}{4}.BC^2 + \quad 4.\frac{1}{4}.CA^2 + 4BE^2 + 4CF^2 + 4.\frac{1}{4}.AB^2$

বা, $4(AB^2 + CA^2 + BC^2) = 4AD^2 + BC^2 + CA^2 + \quad 4BE^2 + 4CF^2 + AB^2$

$$\therefore 3(AB^2 + BC^2 + AC^2) = 4(AD^2 + BE^2 + CF^2)$$

(প্রমাণিত)

১৬. ঢাকা বোর্ড ২০১৫

ΔABC এর AD, BE ও CF মধ্যমাত্রয় O বিন্দুতে ছেদ করেছে।

ক. O বিন্দুটির নাম কি? O, AD কে কি অনুপাতে বিভক্ত করে? ২

খ. উদ্দীপকের চিত্রটি অঙ্কন করে দেখাও যে,
$AB^2 + AC^2 = 2\ (AD^2 + BD^2)$. ৪

গ. প্রমাণ কর যে, $AB^2 + BC^2 + AC^2 = 3(AO^2 + BO^2 + CO^2)$. ৪

<u>১৬ নং প্রশ্নের সমাধান</u>

ক ΔABC এর AD, BE ও CF মধ্যমাত্রয় O বিন্দুতে ছেদ করেছে।
$\therefore$ O বিন্দু হচ্ছে ΔABC এর ভরকেন্দ্র এবং O, AD মধ্যমাকে 2 : 1 অনুপাতে বিভক্ত করে।

খ



বিশেষ নির্বচন: মনে করি, ΔABC-এর মধ্যমা AD.

প্রমাণ করতে হবে যে, $AB^2 + AC^2 = 2\ (BD^2 + AD^2)$

অঙ্কন: A থেকে BC অথবা, BC-এর বর্ধিতাংশের উপর AM লম্ব আঁকি।

প্রমাণ: মনে করি, $\angle$ADB স্থূলকোণ,

অতএব, $AB^2 = AD^2 + BD^2 + 2BD.DM$..... (i)

$\angle$ADC সূক্ষ্মকোণ হলে,

$AC^2 = AD^2 + CD^2 - 2CD.\ DM$

বা, $AC^2 = AD^2 + BD^2 - 2BD.\ DM$ [□ BD = CD] ..... (ii)

সমীকরণ (i) ও (ii) যোগ করে পাই,

$AB^2 + AC^2 = AD^2 + BD^2 + 2BD.\ DM + AD^2 + BD^2 - 2BD.DM$

বা, $AB^2 + AC^2 = 2AD^2 + 2BD^2$

$\therefore AB^2 + AC^2 = 2(AD^2 + BD^2)$ **(দেখানো হলো)**

গ



বিশেষ নির্বচন: মনে করি, ΔABC এর মধ্যমাত্রয় যথাক্রমে AD, BE ও CF পরস্পর O বিন্দুতে মিলিত হয়েছে।

প্রমাণ করতে হবে যে, $AB^2 + BC^2 + CA^2 = 3(AO^2 + BO^2 + CO^2)$

প্রমাণ: ΔABC এর AD, BE ও CF তিনটি মধ্যমা।

$\therefore$ এ্যাপোলোনিয়াসের উপপাদ্য অনুসারে

$AB^2 + CA^2 = 2(AD^2 + BD^2)$ …........….(i)

$AB^2 + BC^2 = 2(BE^2 + CE^2)$ …..........….(ii)

এবং $BC^2 + CA^2 = 2(CF^2 + BF^2)$ ……..........(iii)

এখন, সমীকরণ (i), (ii) ও (iii) যোগ করে পাই,

$2AB^2 + 2BC^2 + 2CA^2 = 2AD^2 + 2BD^2 + 2BE^2 + 2CE^2 + 2CF^2 + 2BF^2$

বা, $2(AB^2 + BC^2 + CA^2) = 2(AD^2 + BE^2 + CF^2) + 2(BD^2 + CE^2 + BF^2)$

বা, $4(AB^2 + BC^2 + CA^2) = 4(AD^2 + BE^2 + CF^2) + 4(BD^2 + CE^2 + BF^2)$

[উভয় পক্ষকে 2 দ্বারা গুণ করে]

বা, $4(AB^2 + BC^2 + CA^2) = 4(AD^2 + BE^2 + CF^2) + (2BD)^2$
$+ (2CE)^2 + (2BF)^2$

বা, $4(AB^2 + BC^2 + CA^2) = 4(AD^2 + BE^2 + CF^2) + BC^2 + CA^2 + AB^2$

[D, E, F যথাক্রমে BC, CA ও AB বাহুর মধ্য বিন্দু বলে,
$2BD = BC$, $2CE = CA$, $2BF = AB$]

বা, $3(AB^2 + BC^2 + CA^2) = 4(AD^2 + BE^2 + CF^2)$

$\therefore 3(AB^2 + BC^2 + CA^2) = 4AD^2 + 4BE^2 + 4CF^2$ … ... (iv)

আমরা জানি, ত্রিভুজের মধ্যমাগুলো সমপাত বিন্দুতে 2 ঃ 1 অনুপাতে বিভক্ত করে।

$\therefore \frac{AO}{OD} = \frac{2}{1}$

বা, $\frac{OD}{AO} = \frac{1}{2}$

বা, $\frac{OD + AO}{AO} = \frac{1+2}{2}$ [যোজন করে]

বা, $\frac{AD}{AO} = \frac{3}{2}$

বা, $2AD = 3AO$

বা, $4AD^2 = 9AO^2$ [বর্গ করে]

অনুরূপে, $4BE^2 = 9BO^2$ এবং $4CF^2 = 9CO^2$

সুতরাং (iv) নং সমীকরণ থেকে পাই,

$3(AB^2 + BC^2 + CA^2) = 9AO^2 + 9BO^2 + 9CO^2$

বা, $3(AB^2 + BC^2 + CA^2) = 9(AO^2 + BO^2 + CO^2)$

$\therefore AB^2 + BC^2 + CA^2 = 3(AO^2 + BO^2 + CO^2)$ **(প্রমাণিত)**

১৭. রাজশাহী বোর্ড ২০১৭



ΔABC এর S পরিকেন্দ্র, O লম্ববিন্দু এবং G ভরকেন্দ্র, AP মধ্যমা। *[রা. বো. ১৭]*

ক. নববিন্দু বৃত্ত কাকে বলে? ২

খ. প্রমাণ কর যে, AG ঃ GP = 2 ঃ 1. ৪

গ. AP-কে F পর্যন্ত বর্ধিত করলে যদি তা বৃত্তকে F বিন্দুতে ছেদ করে তবে প্রমাণ কর যে, AF . BC = AB. CF + AC. BF. ৪

১৭ নং প্রশ্নের সমাধান

ক **নববিন্দুবৃত্তঃ** কোনো ত্রিভুজের বাহুগুলোর মধ্যবিন্দুত্রয়, শীর্ষবিন্দুগুলো থেকে বিপরীত বাহুত্রয়ের উপর অঙ্কিত লম্বত্রয়ের পাদবিন্দুত্রয় এবং শীর্ষবিন্দু ও লম্ববিন্দুর সংযোজক রেখাত্রয়ের মধ্যবিন্দুত্রয়, সর্বমোট এই নয়টি বিন্দু একই বৃত্তের উপর অবস্থান করে। এই বৃত্তকেই নববিন্দুবৃত্ত বলে।

খ পাঠ্যবইয়ের অনুশীলনী-৩.২ এর উপপাদ্য-৩.১০ দ্রষ্টব্য।

গ



বিশেষ নির্বচনঃ মনে করি, AP কে F পর্যন্ত বর্ধিত করায় উৎপন্ন ABFC বৃত্তস্থ চতুর্ভুজের বিপরীত বাহুগুলো যথাক্রমে AB ও CF এবং AC ও BF। AF ও BC চতুর্ভুজটির দুটি কর্ণ। প্রমাণ করতে হবে যে, AF.BC = AB.CF + AC.BF।

অঙ্কনঃ $\angle BAF$ কে $\angle CAF$ এর চেয়ে ছোট ধরে নিয়ে A বিন্দুতে AC রেখাংশের সাথে $\angle BAF$ এর সমান $\angle CAE$ আঁকি যেন AE রেখাংশ BC কর্ণকে E বিন্দুতে ছেদ করে।

প্রমাণঃ অঙ্কন অনুসারে,

$\angle BAF = \angle CAE$

বা, $\angle BAF + \angle EAF = \angle CAE + \angle EAF$

$\therefore \angle BAE = \angle CAF$

এখন, ΔABE ও ΔACF এর মধ্যে

$\angle BAE = \angle CAF$

$\angle ABE = \angle AFC$ [একই চাপের উপর বৃত্তস্থ কোণ সমান বলে]

এবং অবশিষ্ট $\angle AEB$ = অবশিষ্ট $\angle ACF$

$\therefore \Delta ABE$ ও ΔACF সদৃশকোণী।

$\therefore \dfrac{BE}{CF} = \dfrac{AB}{AF}$

অর্থাৎ, AF.BE = AB.CF ... ... (i)

আবার, ΔABF ও ΔAEC এর মধ্যে,

$\angle BAF = \angle CAE$ [অঙ্কন অনুসারে]

$\angle AFB = \angle ACE$ [একই চাপের উপর বৃত্তস্থ কোণ সমান বলে]

এবং অবশিষ্ট $\angle ABF$ = অবশিষ্ট $\angle AEC$

$\therefore \Delta ABF$ ও ΔAEC সদৃশকোণী।

$\therefore \dfrac{AF}{AC} = \dfrac{BF}{CE}$

অর্থাৎ, AF.CE = AC.BF ... ... (ii)

(i) ও (ii) নং সমীকরণ যোগ করে পাই,

AF.BE + AF.CE = AB.CF + AC.BF

বা, AF(BE + CE) = AB.CF + AC.BF

$\therefore$ AF.BC = AB.CF + AC.BF [□ BE + CE = BC] **(প্রমাণিত)**

১৮. রাজশাহী বোর্ড ২০১৬



ΔPOR এ $\angle OPR = 90°$

ক. ΔPOR এর লম্ববিন্দু নির্ণয় কর। [অঙ্কনের চিহ্ন আবশ্যক] ২

খ. প্রমাণ কর যে, $PR^2 = PO^2 + OR^2 - 2OR.OQ.$ ৪

গ. প্রমাণ কর যে, $PQ^2 = OQ.QR$ ৪

১৮ নং প্রশ্নের সমাধান

ক



চিত্রে $OM \perp PR$ এবং $RN \perp OP$ অংকন করা হলো। যেখানে PQ,OM ও RN লম্বত্রয় A বিন্দুতে ছেদ করেছে। সুতরাং A বিন্দুই ΔPOR এর লম্ব বিন্দু।

খ



বিশেষ নির্বচন: মনে করি, ΔPOR এ $\angle OPR = 90°$ এবং $PQ \perp OR$. প্রমাণ করতে হবে যে, $PR^2 = PO^2 + OR^2 - 2OR.OQ.$

প্রমাণ: ΔOPQ এ $\angle OQP = 90°$

$\therefore PO^2 = PQ^2 + OQ^2$ .....(i) [পীথাগোরাসের উপপাদ্য]

আবার, ΔPQR এ $\angle PQR = 90°$

$\therefore PR^2 = PQ^2 + QR^2$

$= PQ^2 + (OR - OQ)^2$ [$\therefore QR = OR - OQ$]

$= PQ^2 + OR^2 + OQ^2 - 2OR.OQ$

$= (PQ^2 + OQ^2) + OR^2 - 2OR.OQ$

$= PO^2 + OR^2 - 2OR.OQ$ [(i) নং থেকে]

$\therefore PR^2 = PO^2 + OR^2 - 2OR.OQ$ **(প্রমাণিত)**

গ



বিশেষ নির্বচন: দেওয়া আছে, ΔPOR এর $\angle OPR = 90°$ এবং $PQ \perp OR$। প্রমাণ করতে হবে যে, $PQ^2 = OQ.OR$

প্রমাণ: ΔPOR এ $\angle OPR = 90°$

$\therefore \angle OPQ + \angle QPR = 90°$ .....(i)

আবার, ΔOPQ এবং $\angle OQP = 90°$ [$\therefore PQ \perp OR$]

$\therefore \angle POQ + \angle OPQ = 90°$ ....(ii)

(i) ও (ii) নং সমীকরণ থেকে পাই,

$\angle OPQ + \angle QPR = \angle POQ + \angle OPQ$

$\therefore \angle QPR = \angle POQ$

এখন, ΔOPQ ও ΔPQR এর মধ্যে

$\angle OQP = \angle PQR = 90°$

$\angle POQ = \angle QPR$

এবং অবশিষ্ট $\angle OPQ$ = অবশিষ্ট $\angle PRQ$

$\therefore$ ΔOQP ও ΔPQR সদৃশকোণী।

$\therefore$ ত্রিভুজদ্বয় সদৃশ।

$\therefore \frac{OQ}{PQ} = \frac{PQ}{QR}$ বা, $OQ.QR = PQ^2$

$\therefore$ $PQ^2 = OQ.QR$ **(প্রমাণিত)**

১৯. রাজশাহী বোর্ড ২০১৫



PMN সমদ্বিবাহু ত্রিভুজে PM = PN এবং PA $\perp$ MN.

ক. ΔAPM এর ক্ষেত্রে $\overrightarrow{AP}$ ভেক্টরকে $\overrightarrow{MA}$ এবং $\overrightarrow{MP}$ ভেক্টরদ্বয়ের মাধ্যমে প্রকাশ কর। ২

খ. B, MN রেখার ওপর যে কোনো বিন্দু হলে, দেখাও যে,
$PM^2 - PB^2 = MB.BN.$ ৪

গ. PMN ত্রিভুজের পরিব্যাসার্ধ R হলে, প্রমাণ কর যে,
$PM^2 = 2R.PA.$ ৪

১৯ নং প্রশ্নের সমাধান



ক এখন, ΔAPM-এ ভেক্টর যোগের ত্রিভুজ বিধি অনুসারে পাই,

$$\overrightarrow{MA} + \overrightarrow{AP} = \overrightarrow{MP}$$

$$\therefore \overrightarrow{AP} = \overrightarrow{MP} - \overrightarrow{MA} \textbf{ (Ans.)}$$

খ



বিশেষ নির্বচন: ΔPMN-এ PM = PN। MN এর উপর যেকোনো বিন্দু B নিই।
P, B যোগ করি। প্রমাণ করতে হবে যে, $PM^2 - PB^2 = MB.BN.$

প্রমাণ: আমরা জানি, সমদ্বিবাহু ত্রিভুজের সমান সমান বাহুর ছেদবিন্দু হতে বিপরীত বাহুর উপর অঙ্কিত লম্ব উক্ত বাহুকে সমদ্বিখণ্ডিত করে।

ΔPMN-এ PM = PN এবং PA $\perp$ MN

$\therefore$ MA = AN

APM সমকোণী ত্রিভুজে,

$PM^2 = PA^2 + MA^2$ [পীথাগোরাসের উপপাদ্য]

আবার, ΔPBA-এ সমকোণী ত্রিভুজে,

$PB^2 = PA^2 + AB^2$ [পীথাগোরাসের উপপাদ্য]

$\therefore$ $PM^2 - PB^2 = PA^2 + MA^2 - PA^2 - AB^2 = MA^2 - AB^2$
$= (MA + AB).(MA - AB)$
$= MB.(AN - AB)$ [□ MA = AN]
$= MB.BN$

$\therefore$ $PM^2 - PB^2 = MB.BN$ **(দেখানো হলো)**



গ **বিশেষ নির্বচন:** মনে করি, সমদ্বিবাহু ΔPMN-এ PM = PN। A থেকে MN-এর ওপর অঙ্কিত লম্ব PA এবং ত্রিভুজের পরিব্যাসার্ধ R। প্রমাণ করতে হবে যে, $PM^2 = 2R.PA.$

অঙ্কন: PA-কে এমনভাবে বর্ধিত করি, যেন তা পরিবৃত্তকে E বিন্দুতে ছেদ করে। N, E যোগ করি।

প্রমাণ: ΔPAN ও ΔPNE-এ,

$\angle PAN = \angle PNE$

[□ অর্ধবৃত্তস্থ $\angle PNE = 90°$ এবং PA, MN এর ওপর লম্ব বলে $\angle PAN = 90°$]

$\angle EPN$ সাধারণ কোণ।

এবং অবশিষ্ট $\angle PNA$ = অবশিষ্ট $\angle PEN$

$\therefore$ ত্রিভুজদ্বয় সদৃশকোণী তথা সদৃশ।

$\therefore \frac{PA}{PN} = \frac{PN}{PE}$ [□ সদৃশকোণী ত্রিভুজদ্বয়ের অনুরূপ বাহুগুলোর অনুপাত সমান]

বা, $PN^2 = PE.PA$

$\therefore$ $PM^2 = PE.\ PA$ [□ $PM = PN$] ………… (i)
এখন, $MA = NA$ [‘খ’ থেকে]
অর্থাৎ $PA \perp MN$ এবং PA, MN এর সমদ্বিখণ্ডক।
$\therefore$ PA, বৃত্তের কেন্দ্র দিয়ে যায়।
[কেন্দ্র থেকে ব্যাস ভিন্ন কোন জ্যায়ের ওপর অঙ্কিত লম্ব জ্যাকে সমদ্বিখণ্ডিত করে]
$\therefore$ PE, ΔPMN -এর পরিব্যাস।
$PE = 2R$ [□ R, ΔPMN-এর পরিব্যাসার্ধ]
তাহলে (i) হতে পাই,
$PM^2 = 2R.PA$ **(প্রমাণিত)**

📖 ২০. দিনাজপুর বোর্ড ২০১৭

ΔPQR এর QR বাহু M ও N বিন্দুতে সমান তিনভাগে বিভক্ত হয়।
ক. তথ্যানুযায়ী চিহ্নিত চিত্রটি আঁক। ২
খ. প্রমাণ কর যে, $PQ^2 + PR^2 = PM^2 + PN^2 + 4MN^2$ ৪
গ. যদি $PQ = PR$ এবং M, QR এর উপর যে কোনো বিন্দু হলে দেখাও যে, $PQ^2 - PM^2 = QM.MR$ ৪

